

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
নিঃসন্দেহে আল্লাহ আদম (আঃ) ও
নূহ (আঃ) ও ইব্রাহীম (আঃ) এর
বংশধর এবং এমরানের খান্দানকে
নির্বাচিত করেছেন।
সূরা আল ইমরান- ৩২

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রীমৎস্য সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০২১১০০৬৬৬৬৬, ০২১১০০২১১০০২

বরিশাল ২০২৬ ২৫ শ্রীশ্রী ১৪৪৭ ০১ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৩৩ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় ব্যবসায়ীদের সঙ্গে বসলেন প্রধানমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
দেশের ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং চলমান অর্থনৈতিক চ্যালেঞ্জ নিয়ে বিভিন্ন খাতের ব্যবসায়ীদের সঙ্গে আবারও ২ এর পাতায় দেখুন



এক মুরগি তিনবার জবাই করা চলবে না: শিক্ষামন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
শিক্ষামন্ত্রী আ ন ম এছানুজ্জাম হক মিলন বলেছেন, এক মুরগি তিনবার জবাই করা যাবে না। শিক্ষাক্ষেত্রে একবারই রেজিস্ট্রেশন ২ এর পাতায় দেখুন



দেশে আন্দোলন শুরু হয়ে গেছে: জামায়াত আমির
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, দেশে আন্দোলন ২ এর পাতায় দেখুন



জাতিকে এই দর্যাগে টেনে এনেছে বিএনপি: নাহিদ ইসলাম
কীর্তনখোলা ডেস্ক
বিএনপি জাতিকে বর্তমান দর্যাগে টেনে এনেছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ২ এর পাতায় দেখুন



আজ পহেলা বৈশাখ

বাংলা নববর্ষের শিকড় ও সমকাল

কীর্তনখোলা ডেস্ক
আজ পহেলা বৈশাখ। বাংলা নববর্ষ ১৪৩৬। ইতিহাসের ধুলোবালি মাথা পথ পেরিয়ে বাংলা নববর্ষ আজ যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, তা যেমন গৌরবের, তেমন সংগ্রামের হতে। চান্দ্র মাসের হিসাব বাংলা নববর্ষের ইতিহাসের পাতা ওঁটালে পাওয়া যায় এ দেশের কৃষি ও খাজনা আদায়ের এক চমৎকার সমন্বয়। ইতিহাসবিদদের মতে, মোঘল সম্রাট আকবরের আমলে হিজরি সন অনুযায়ী খাজনা আদায় করতে গিয়ে বেশ বিপাকে পড়তে হতো। চান্দ্র মাসের হিসাব কৃষকদের ফসল কাটার সময়ের সঙ্গে মিলত না বলে অসময়ে খাজনা দেয়া ছিল দুঃস্বপ্ন। এ জটিলতা নিরসনে ১৫৮৪ খ্রিষ্টাব্দে সম্রাট আকবর তার রাজজ্যোতিষী ফতেহউল্লাহ সিরাজীকে একটি নতুন সৌর সন প্রবর্তনের দায়িত্ব দেন। ফসল কাটার সময়কে ভিত্তি করে তৈরি এই 'ফসলি সন' কালক্রমে ২ এর পাতায় দেখুন



নগরীর চৌমাথা এলাকায় বরিশাল সিটি কর্পোরেশনের অবৈধ দখল মুক্তকরণ অভিযান -কীর্তনখোলা

বরিশালে নদী ও খাল থেকে দুইজনের লাশ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের বানারীপাড়ায় সোমবার (১৩ এপ্রিল) সকালে নদী থেকে নিখোজ স্কুল ছাত্রের মরদেহ ও একইদিন দুপুরে গৌরনদীতে খালের পানিতে ভাসমান অবস্থায় এক নবজাতকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। থানা পুলিশ সূত্রে জানা গেছে, বানারীপাড়ার সৈয়দকাটি ইউনিয়নের বাওয়ালিয়া গ্রাম সংলগ্ন সন্ধ্যা নদীর শাখা কঁচা নদীতে ভাসমান অবস্থায় দুর্ভাগ্য (১২) নামের এক স্কুল ছাত্রের মরদেহ উদ্ধার করা হয়। নিহত দুর্ভাগ্য উজিরপুর উপজেলার হারতা গ্রামের বাসিন্দা স্কুলজীবনে ছেলে এবং স্থানীয় একটি বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্র ছিলো। সোমবার (১৩ এপ্রিল) সকাল পৌনে নয়টার দিকে স্থানীয়রা মরদেহ ভাসতে দেখেন। গত ১২ এপ্রিল সকালে দুর্ভাগ্য নৌকায় করে নদীতে ভাসমান হাটে তরমুজ সগ্রহ করতে যায়। এরপর থেকেই সে নিখোজ ছিল। পরিবারের সদস্যরা বিজ্ঞপ্তি দেন ২ এর পাতায় দেখুন

শ্রী ১৫ বর্ষ
বরিশাল-০৫ (সিটি-সদর)
আসনের সর্বস্তরের জনগণসহ দেশ ও প্রবাসে অবস্থানরত সকলকে জানাই
বাংলা নববর্ষের শুভেচ্ছা

লায়ন উমার রাযী
আন্তর্জাতিক মানবাধিকার সাংবাদিক ও সমাজ কর্মী

হাম আক্রান্ত ও উপসর্গ নিয়ে আরও ৭ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও ৭ জন মারা গেছে। তাদের মধ্যে দুজন হাম আক্রান্ত হয়েই মারা গেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি পাঁচজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। সোমবার (১৩ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এসব তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে ৭ জনের মৃত্যু হয়েছে। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ২ এর পাতায় দেখুন

দেশজুড়ে মৃদু তাপপ্রবাহ অব্যাহত, চার বিভাগে ব্যতির সন্ধান

কীর্তনখোলা ডেস্ক
সারা দেশে দিনের তাপমাত্রা আরও বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একই সঙ্গে ঢাকা ও খুলনা বিভাগসহ দেশের বিভিন্ন অঞ্চলে বয়ে যাওয়া মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ অব্যাহত থাকার শঙ্কা রয়েছে। তবে তাপস্যা গরমের মতোই ঢাকা ও চট্টগ্রামসহ চারটি বিভাগের দু-এক স্থানে দমকা হাওয়াসহ বৃষ্টি হতে পারে বলেও পূর্বাভাস দিয়েছে সংস্থাটি। সোমবার (১৩ এপ্রিল) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ শাহীনুল ইসলাম স্বাক্ষরিত পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে।

সরকারি কর্মকর্তাদের বাড়ি-গাড়িসহ ৯ খাতে ব্যয় কমালো সরকার

কীর্তনখোলা ডেস্ক
মহাপ্রাচ্যে যুদ্ধের কারণে চলমান বৈশ্বিক সংকট মোকাবিলায় ৯টি ক্ষেত্রে সরকারের পরিচালন ব্যয় কমাতে পরিপত্র জারি করা হয়েছে। সম্প্রতি এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ পরিপত্র জারি করে সব সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে পাঠিয়েছে। এর আগে ২ এপ্রিল প্রধানমন্ত্রী তারেক রহমানের ২ এর পাতায় দেখুন



পুলিশ দেখে ইয়াবা গিলে অচেতন যুবক, হাসপাতালে ভর্তি

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদী উপজেলায় পুলিশের অভিযানের সময় ইয়াবা গিলে অচেতন হয়ে পড়েছেন সানোয়ার হোসেন (৩৫) নামের এক যুবক। পরে তাকে উদ্ধার করে পুলিশ পাহারায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি মাদক কারবারি বলে জানিয়েছে পুলিশ। রোববার গৌরনদী উপজেলার টরকী বাসসভ্যদের উত্তর পাশে পানছাট সংলগ্ন নীলখোলা এলাকায় মাদকবিরোধী অভিযানের সময় এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, অভিযানের সময় তাকে দেখে সন্দেহ হলে দাঁড়াতে বললে সানোয়ার হোসেন নৌড়ে পালানোর চেষ্টা করেন। এ সময় ধাওয়া করে তাকে আটক করা হয়। আটক হওয়ার পর নিজের কাছে থাকা ১০১২টি ইয়াবা চাবিরিয়ে গিলে ফেলেন তিনি। কিছুক্ষণ পরই তিনি অচেতন হয়ে পড়েন। পরে তিন দেহ তত্ত্বাশি করে আরও ১৭ পিস ইয়াবা উদ্ধার করা হয়। তাকে পুলিশ পাহারায় গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। গৌরনদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল জানান ২ এর পাতায় দেখুন

ভয়াবহ বিপর্যয়ের মুখে বরিশাল!

কীর্তনখোলা রিপোর্ট
মানবসৃষ্ট এক ভয়াবহ বিপর্যয়ের মুখে দাঁড়িয়ে রয়েছে দেশের দক্ষিণ জনপদের প্রধান শহর বরিশাল। বিশেষজ্ঞদের পর্যবেক্ষণ অনুযায়ী, শহরটি প্রতি বছর গড়ে প্রায় পৌনে ২ মিলিমিটার করে নিচে নেমে যাচ্ছে। কোথাও কোথাও এই দেবে যাওয়ার পরিমাণ এক ইঞ্চি পর্যন্তও পৌঁছাচ্ছে। মাটি দেবে যাওয়ার ফলে বিভিন্ন স্থানে ভবন হেলে পড়ার ঘটনা দেখা দিচ্ছে। সামান্য বৃষ্টিতেই সৃষ্টি হচ্ছে জলাবদ্ধতা, যা এখন নগরবাসীর নিত্যদিনের সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সম্প্রতি বরিশাল শহরের বৈদ্যপাড়া, বিএম কলেজ এলাকা, বটতলা ও করিম কুটিরসহ বিভিন্ন এলাকায় একাধিক বহুতল ভবন হেলে পড়ার ঘটনা দেখা যাচ্ছে। যদিও এসব পরিবর্তন খালি চোখে অনেক সময় বোঝা যায় না, তবে স্যাটেলাইট ইমেজ বিশ্লেষণে বিষয়টি স্পষ্টভাবে

বিএনপিকে কওমি মাদ্রাসা সম্পর্কিত প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে হবে

ফয়জুল করিম
কীর্তনখোলা ডেস্ক
ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নেয়বে আমির মুহম্মদ সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করিম বলেছেন, ইশতেহার হলো জাতির প্রতি একটি দলের প্রতিজ্ঞা। ইশতেহার রূপে সেই প্রতিজ্ঞার প্রতি আস্থা রাখতে মানুষ দলকে ভোট দেয়। কোনো দল যদি ক্ষমতায় যাওয়ার পরে তার ঘোষিত ইশতেহার বাস্তবায়ন না করে, তাহলে তার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার থাকে না। বিএনপি তাদের ইশতেহারে কওমি মাদ্রাসা নিয়ে যে প্রতিজ্ঞা করেছে, তা বিএনপিকে বাস্তবায়ন করতে হবে। এই ক্ষেত্রে কোনো গড়িমসি করলে তা জাতির সাথে প্রতারণা বলে গণ্য হবে এবং বিএনপির ক্ষমতায় থাকার নৈতিক অধিকার হারাতে পারে। সোমবার (১৩ এপ্রিল) দুপুরে রাজধানীর বিএমএ মিলনায়তনে জাতীয় ওলামা মাশায়েক আইহা পরিষদের উদ্যোগে আয়োজিত 'দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ২ এর পাতায় দেখুন



‘ইলিশের বাড়িতেও’ বৈশাখের দহন

ভোলা প্রতিনিধি
পহেলা বৈশাখকে পূজি করে 'ইলিশের বাড়ি' খ্যাত ভোলায় রূপালি ইলিশের দামে রাঁতিমতো আঙন লেগেছে। উৎসবের অজুহাতে রাতারাতি দর বাড়িয়ে সাধারণ ক্রেতাদের পকেট কাটছেন অসম্পূর্ণ ব্যবসায়ীরা। বর্তমানে বাজারে এক কেজি ওজনের একটি ইলিশের দাম ঠেকেকে সাড়ে তিন হাজার টাকায়, যা গত কয়েক বছরের মধ্যে সর্বোচ্চ। সোমবার (১৩ এপ্রিল) ভোলার শহরের কিচেন মার্কেটসহ বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, পহেলা ২ এর পাতায় দেখুন



কীর্তনখোলা ডেস্ক
বরিশাল সিটি কর্পোরেশনের অবৈধ দখল মুক্তকরণ অভিযান -কীর্তনখোলা



বাধ্য হয়ে একই ওয়ার্ডে চিকিৎসা নিচ্ছেন নারী-পুরুষ রোগী

কীর্তনখোলা রিপোর্ট
প্রতি বছরের মার্চ থেকে জুলাই পর্যন্ত ডায়রিয়া রোগীর সংখ্যা বাড়বে বরিশালের হাসপাতালগুলোতে। তবে দক্ষিণাঞ্চলের প্রধান চিকিৎসা কেন্দ্র শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল প্রতিষ্ঠার ৫৬ বছর পার করলেও আজও নেই কোনো ডায়রিয়া ওয়ার্ড। ফলে রোগীদের একমাত্র ভরসা ১'শ শয্যার জেনারেল হাসপাতাল। কিন্তু সেখানেও আবহস্থাপনার চিন্তা। সরেজমিনে দেখা যায়, ২ এর পাতায় দেখুন



জাল সনদধারী ৪৭১ শিক্ষক-কর্মচারীকে বেতন ফেরত দেওয়ার নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক
বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত আরও ৪৭১ জন জাল সনদধারী শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। তাদের এমপিও বন্ধ, বেতন-ভাতা বাবদ এ পর্যন্ত নেওয়া টাকা ফেরতসহ কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। পাশাপাশি জাল সনদধারীদের বিরুদ্ধে ফৌজদারি আইনে মামলা করার নির্দেশনা দেবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, সম্প্রতি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) থেকে ৪৭১ জন জাল সনদধারী শিক্ষক-কর্মচারীর তথ্য পাঠানো হয়। তাদের মধ্যে সবচেয়ে বেশি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। হার্বাট অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকীয় সৃষ্টি ও নিরপেক্ষ তদন্ত চাই

দেশের উচ্চশিক্ষা নিয়ে দীর্ঘদিন থেকেই অভিজ্ঞমহল অসন্তোষ প্রকাশ করে আসছে। অতিযোগ রয়েছে, বিশ্ববিদ্যালয়গুলো থেকে নামমাত্র ডিগ্রি নিয়ে প্রতিবছর হাজারো শিক্ষার্থী বের হচ্ছেন। এমনকি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, যারা সমাজের নীতি-নৈতিকতার দিক থেকে অনুলরণীয় হওয়ার কথা, তাঁরাও দুর্নীতি বা আর্থিক কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ছেন। ‘গণেশবার টকা নয়হা’ শীর্ষক খবরে এমনটিই দেখা গেছে। আমাদের দেশে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৭০-এর ওপর। তবে বেশির ভাগ বিশ্ববিদ্যালয়েই গবেষণার সুযোগ অত্যন্ত সীমিত। এই ঘাটতি পূরণে এবং উচ্চশিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের সহযোগিতায় ‘হয়ার এডুকেশন অ্যাক্সেলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)’ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কিন্তু চার হাজার কোটি টাকার এই প্রকল্পে ব্যাপক অনিয়ম হচ্ছে বলে খবরে প্রকাশ। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির কাজ শুরু হয়েছে ২০২৩ সালের জুলাই মাসে। মোট ব্যয় নির্ধারণ করা হয়েছে চার হাজার ১৬ কোটি ৫৭ লাখ টাকা। এর মধ্যে ৫০.৯৬ শতাংশ অর্থায়ন করবে বাংলাদেশ সরকার, বাকি ৪৯.৪ শতাংশ দেরে বিশ্বব্যাংক। সম্প্রতি বিশ্বব্যাংকের প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ড. আ ন ম এছানুল হক মিলনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। পরে মন্ত্রী বলেন, ‘হিট প্রকল্প নিয়ে প্রতিনিধিদল নেতিবাচক মন্তব্য করছে। বিষয়টি নিয়ে তারা নাাশো।’ শাহজাহান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক এক সম্মান সন্মেলনে অভিযোগ করেন, ‘হিট প্রকল্পে ভালো ও স্বীকৃত গবেষকদের বাদ দিয়ে লো প্রোফাইল ও কম স্টাইটমেন্টধারী শিক্ষকদের নির্বাচিত করা হয়েছে। তাঁদের ভাষা, গবেষণা প্রকল্প পেতে যোগ্যতার বদলে রাজনৈতিক আনুগত্য ও ব্যক্তিগত পরিচিতি প্রাধান্য পেয়েছে।’ সন্দের রাত্তি নিয়ে খবরে বলা হয়, গবেষণা তহবিলের জন্য প্রথমেই প্রায় ১০০ কোটি টাকা ভাগ-বাটোয়ারা করেছে ইউজিসি ও ‘হিটের’ সিভিকো। রিভিউরসের ম্যানেজ করে পছন্দসই শিক্ষকদের প্রকল্প দিয়েছে ওই সিভিকো। প্রত্যেক রিভিউয়ের জন্য ১৫ হাজার সন্মানি রাখা হলেও সর্বোচ্চ নম্বর দিলে ১০ লাখ টাকা পর্যন্ত অর্থ দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। এভাবে শার্বিক গবেষণা প্রকল্পে সর্বোচ্চ নম্বর দিয়ে প্রায় ১০০ কোটি টাকা বাণিজ্য করেছে ওই সিভিকো। শিক্ষা জাতির মেসদগ্ন কথ্যটি এমনি এমনি বলা হয় না। উন্নত বিশ্বের দেশে নানা ক্ষেত্রে অনিয়ম হলেও তারা শিক্ষা মান বের রেখেছে। এ কারণেই তারা উন্নতির শিলের পৌছেতে পেরেছে। আর আমাদের এখানে বোজখবর নিলেই দেখা যায় শিক্ষা খাতে চমক দেওয়া। উচ্চপদে থেকেও যারা অনিয়ম করছেন, তাঁরা শিক্ষার জন্য অচিন্ত্য। তাঁদের অনিয়মের কারণে অনেক মেধা ঈচ্ছুরেই নিশিই বয়েছে। হিট প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইউজিসির সদস্য অধ্যাপক মোহাম্মদ ফারজাউদ্দিন খান বলেনছেন, ‘দের অভিযোগ উঠেছে, তা সঠিক নয়।’ তাঁর এই দাবিও আমলে নেওয়া উচিত। আমরা মনে করি, এসব অভিযোগের সূত্র ও নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত। মনে রাখতে হবে, উচ্চশিক্ষার মানোন্নয়ন করতে হলে গবেষণার বিকল্প নেই। তবে প্রকল্পের সব দিক হতে হবে স্বচ্ছ। প্রকৃত মেধাধারী যেন সব ধরনের সুযোগ-সুবিধা পান, তা নিশ্চিত করতে হবে। মনুষ্ক দেশ গড়তে শিক্ষা খাতে অনিয়ম বন্ধ করতেই হবে।

জাতিকে এই দূর্যোগে টেনে

ও বিরোধীরা নিয়ে চিফ হুইপ নাইদ ইসলাম। তিনি বলেনছেন, রিএনপিকে এর দায়ত্বও ও পরিণতি ভোগ করতে হবে। সোমবার রাজধানীর কারাকারিইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে ‘গণভাটের রাণের বিরুদ্ধে সরকার: সংকটের মুখোমুখি দেশ’ শীর্ষক সেমিনারের বিশেষ অতিথির বক্তব্যে তিনি এই অভিযোগ করেন। জাতীয় সংসদের বিরোধীদলীয় জোট ‘এগারো দলীয় এক’ এই সেমিনারের আয়োজন করে। নাইদ ইসলাম বলেন, ‘আমাদের এখন যুগ পরিস্থিতি নিয়ে আলোচনা করার কথা। জাতীয় স্বার্থ কীভাবে একাত্মভাবে সুরক্ষিত করব, হামের মতো দূর্যোগ কীভাবে মোকাবিলা করব। জ্ঞাননি সংকট সমাধান নিয়ে সেমিনার করার কথা। আমাদের দুর্তীয়া, গত ১৬ বছর যে সংস্কারের কথা বলতে হয়েছে, অন্তর্বর্তী সরকার যে সংস্কারের আলোচনা করেছে, এখানে আমাদের সেসব নিয়ে পড়তে থাকতে হচ্ছে। জাতিকে এই দূর্যোগে টেনে এনেছে বিএনপি। ফলে বিএনপিকে এর দায়ভার এবং পরিণতি ভোগ করতে হবে। এর পরিণতি বৃহৎ স্বল্প হবে না।’ গণ-অভ্যুত্থান-পরবর্তী সত্ত্বারের প্রেক্ষাপট ভুলে ধরে নাইদ ইসলাম বলেন, ‘গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে দেশে শ্রুট গ্রুপ দেখা দেয়। বৈষম্যবিরোধীরা ছাড়া আন্দোলনের দাবি ছিল ফ্যাসিবাদের বিরোধ। বিএনপি চেয়েছিল নির্বাচন। আমরা সংস্কারের জন্য গণপরিষদের দাবি জানিয়েছিলাম। পরে বিএনপি সংস্কারের আলোচনায় অশে নেয়। এ জন্য আমরা গণপরিষদের পরিবর্তে সংস্কার পরিষদের দাবি মেনে নিই।’ বিএনপি একটি কৃত্রিম বিরোধ তৈরি করতে উল্লস করে নাইদ বলেন, বিএনপি জুলাই সনদ আর জুলাই পরিণতিতে আলোচনা করার চেষ্টা করেছে। কারণ, জুলাই সনদকে তারা নিপুনে দলীয় ইশতেহারে পরিণত করেছে। এ জন্য গণপেটের প্রশ্ন দেখা দেয়। কারণ, সংবিধানের ক্রেমণগুণেরেই মন্য সংবিধানের মৌলিক কাঠামো পরিবর্তন সম্ভব নয়। এ জন্য সাংগাঠনিক ক্ষমতাও সংস্কার পরিষদের কথা এসেছে। একমততা কমিয়েও আলোচনায় বিএনপি এসব মেনে নিয়েছে। এখন বিএনপি অধার বরলোপ করেছে। গণভাটের গণরায়কে বন্ধাঙ্গুলি দেখিয়েছে। সংকট সমাধানে দ্রুত সংস্কার পরিষদ ব্যবস্থাবনের দাবি জানিয়ে এনসিপির আহ্বায়ক বলেন, ‘সরকারকে বন্ধ, দ্রুত সংবিধান সংস্কার পরিষদ করে এই সংকটের সুরাহা করেন। জাতীয় একাকৈ চিকিয়ে রাখুন। নাহলে এর পরিণতি আপনাদের ভোগ করতে হবে।’ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। সভাপতিত্ব করেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক। বিশেষ অতিথি ছিলেন এলজিপি’র চেয়ারম্যান কর্নেল অলি আহমদ, জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম সোব্বান, এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমসহ ১১ দলীয় জোটের শীর্ষ নেতারা।

দেখে আন্দোলন শুরু

শুরু হয়ে গেছে এবং এই আন্দোলনকে তিলে তিলে সফলতার দিকে নিয়ে যেতে হবে। সোমবার (১৩ এপ্রিল) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট (আইইহিবি) মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন। ‘গণভাটের রাণের বিরুদ্ধে সরকার : সংকটের মুখোমুখি দেশ’ শীর্ষক এই সেমিনারের আয়োজন করে ১১ দলীয় একা। সরকারের স্বৈত নীতির সমালোচনা করে শফিকুর রহমান বলেন, একমময় গণভাট হারাম, আবার অন্যসময় অর্ধেক হালাল। আমরা এটি পার্লামেন্টে বলেছি। আপনারা দেখেছেন আমাদের কষ্ট দিয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছে, আমরাও সমানভাবে চালিয়েছি। আলহামদুলিল্লাহ, প্রয়োগ পাই বা না পাই, আমরা কষ্ট বহন করিনি। কারণ, জনগণ আমাদের তাদের অধিকারের পক্ষে কথা বলতেই সোপান পাটিয়েছে। যুখ বন্ধ করে বসে থাকার জন্য নয়, বরং তাদের অধিকার আদায়ের দাবি জানানোর জন্য পাটিয়েছে। তিনি বলেন, আমরা সংসদে যাওয়ার আগেই বলেছি, এই সংসদের বিল্টন সুবিধা নেওয়ার জন্য আমরা এখানে যাচ্ছি না। অনেক সুবিধা আছে যা আমরা খেছায়া দেন না। যেগুলো না নিলেই নয়, কেবল সেগুলোই নেব। অর্ধেক কোনো দিকে আমাদের চোখ এবং হাত যাবে না। জামায়াতের আমির বলেন, এই গণঅভ্যুত্থান কেবল শক্তিত ছাত্র বা রাজনীতিবিদের আন্দোলন নয়। প্রায় ১,৪০০ শহীদের মধ্যে ১,২০০ শহীদের বাড়িতে আমরা ব্যক্তিগতভাবে যাওয়ার সুযোগ হয়েছে। এই শহীদদের ৬২ শতাংশই শ্রমিক। তারা কি কোটার বৈষম্যের বিরুদ্ধে নেমেছিল? কোটার বৈষম্যের বিরুদ্ধে নেমেছিল আমাদের বুসমজা ও ছাত্র মনাজ। শ্রমিকরা নেমেছিল ফ্যাসিবাদের বিরুদ্ধে; তারা নেমেছিল একটা পরিবর্তনের আকাঙ্ক্ষা নিয়ে। তিনি সংসদের বর্তমান অবস্থাকে ‘জুলাই প্রোভাট’ হিসেবে অভিহিত করে বলেন, জুলাই নেই তো আমরাও নেই। জুলাই আছে বলেই আমরা আছি, জুলাই আছে বলেই সরকার আছে। জুলাই লম্বা আছে। এই জুলাইয়ের বিপক্ষে অবস্থান নিয়ে সরকার পার পাবে না ইনশাআল্লাহ। গণভাটের রাণের মাধ্যমে এই জুলাইয়ের আকাঙ্ক্ষা বাস্তবমান হবে। এর জন্য প্রয়োজন হলে আবারও জীবন দান। তিনি আরও বলেন, গতকাল এই স্থানে জুলাই শহীদ পরিবার এবং যোদ্ধাদের সাথে আমাদের একটি বৈঠক ছিল। সেখানে আমরা িয় সহকর্মী ও বিরোধীদলীয় চিফ হুইপ বলেছেন, আগামীরা আন্দোলনে আমাদের সামনের সারিতে পাবেন। আমিও কথা দিচ্ছি, আমাদের সামনের সারিতেই পাবেন ইনশাআল্লাহ। যতদিন জাতির অধিকারের পক্ষে লড়াই করা প্রয়োজন, ততদিনই সংসদে

থাকব; তার বাইরে এক সেকেন্ডও নয়। ডা. শফিকুর রহমান স্পষ্ট করে বলেন, এই আন্দোলন কোনো সুবিধাবাদী আন্দোলন নয়, ক্ষমতার ভাগ-বাটোয়ারাও নয়। এই আন্দোলন ৭০ ভাগ মানুষের রাণের প্রতি সম্মান জানিয়ে শহীদদের রক্তের ওয়াদা এবং জুলাই যোদ্ধাদের আকাঙ্ক্ষা পূরণ করার জন্য। তিনি দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশবাসী, আপনারা শুধু পাশে থাকবেন। এই আন্দোলন আমার, আপনাদের সবার জন্য। আমরা আমাদের সন্তানদের কারণে গোলাম বানাতো চাই না। কারো পারিবারিক রাজতন্ত্র বাংলাদেশে ফ্যাসিজম হিসেবে চলবে তা আমরা বরদাশত করবো না। রাজনীতির দৃষ্টচক্র ভেঙে দেওয়ার আহ্বান জানিয়ে বিরোধীদলীয় নেতা বলেন, সংসদের এক-তৃতীয়াংশ সময় একজনের বদলে আরেকজনের প্রশংসায় ব্যয় হোক, এটি আর দেখতে বা ওনতে চাই না। প্রশংসা হবে জনগণের। সংসদের ভেতর কথা হবে জনগণের সমস্যা নিয়ে এবং সেখানেই খোলামেলা সমাধান হবে হতে হবে। এগুলো বাদ দিয়ে অন্য কিছুর চর্চা আমরা সংসদের ভেতর চাই না।

এক মুরগি তিনবার জবাই

করতে হবে। এক ক্লাস থেকে অন্য ক্লাসে উঠতে নতুন করে ভর্তির বিষয়টি গুরুত্বসহকারে দেখতে শিক্ষার্থীদের প্রতি নির্দেশ দিয়েছেন তিনি। এসএসসি ও সমমান পরীক্ষা উপলক্ষে খুলনা বিভাগের ১০ জেলার কেন্দ্রসচিবদের সঙ্গে মতবিনিময় সভায় অতিরিক্ত অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সোমবার (১৩ এপ্রিল) দুপুরে বঙ্গোপ সিটিআই মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়। পরীক্ষার নকশের রূপ পাণ্ডিত্যেছে, এখন ডিজিটালি হচ্ছে নকল, মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, ‘আজকের ছাত্র ও ছাত্রীরা নকল করলে শিক্ষকদের দূর্বলতা। কলারন মতো নকলের রূপ পাণ্ডিত্যেছে। এখন ডিজিটালি হচ্ছে নকল। সমস্যা আমাদের মানসিকতায়। শিক্ষাব্যবস্থাকে গুরুত্ব দিতে হলে সবার আগে শিক্ষকদের গুরুত্ব দিতে হবে।’ শিক্ষামন্ত্রী মনে করেন, কেবল মন্ত্রী পরিষদের দায়িত্ব শিক্ষার উন্নয়ন সম্ভব নয়, বরং যারা মায়ায় গড়াব কারিগর, সেই শিক্ষকদের তথ্যময় মূল্যায়ন ও ক্ষমতায়ন প্রয়োজন। সভায় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়কে দেশের উন্নয়নের প্রধান ক্ষেত্র হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, ‘অন্য দশটি মন্ত্রণালয়ের চেয়ে শিক্ষা মন্ত্রণায়গ আলাদা। আমি এখানে শিক্ষকদের জবাবদিহির কাঠগড়ায় দাঁড় করতে চাই না, বরং তাঁদের সঙ্গে নিয়ে একটি আধুনিক শিক্ষাব্যবস্থা গড়তে চাই।’ তিনি বিরোধী দলসহ দেশের প্রতিটি সংসদ সদস্যকে প্রতিদিন শিক্ষা নিয়ে কাজ করার এবং সংসদে শিক্ষাবিষয়ক মেশিন দেওয়ার আহ্বান জানান। সাবেক সরকারের সমালোচনা করে শিক্ষামন্ত্রী মিলন বলেন, অতীতে অনেকেরই নকল প্রণয়নতাকে প্রশ্রয় দিয়েছেন। ২০০১ সালের পর সরকার কঠোরভাবে নকল নির্মূল করতে সক্ষম হয়েছে। তবে করোনায় পরবর্তী সময়ে নকলের ধরন পাল্টে ‘ডিজিটাল জালিয়াতি’ রুপ হয়েছে বলে তিনি সতর্ক করেন। এটি প্রতিরোধে শিক্ষক ও প্রশাসনকে বসে ও সভায় ওয়্যার নির্দেশ দেন তিনি। মন্ত্রী বলেন, ‘আমি সারা দেশে ঘুরে মতবিনিময় করছি। আমার এই মতবিনিময়ে অনেকেই ব্যক্তি-দুর্নীতিত আবার অনেকেই উৎসাহিত। তবে এমপি সাহেবরা আন্তরিক। তিনি বলেন, ২০ বছর আগে যখনে এনেছিলাম। তখন দুই ট্রাক গাইড উদ্ধার করেছিলাম। এখন হুজুতে ২০ ট্রাক গাইড উদ্ধার করতে পারব। পরিবর্তন হয়েছে এটুকুই। সেসবকে দেখতে পাি আমাকে নিয়ে অনেক ট্রল করা হয়। আমার খারাপ লাগে না। আমি জবাবদিহির কাঠগড়ায় দাঁড়াতে চাই। সংসদে বিরোধী দলের সংসদ সদস্যরা প্রতিদিন একটা করে নোটিশ দিক আমি এটাই চাই।’ যখনো শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোসাম্মাৎ আসাম খাতুনের সভাপতিত্বে সভার সম্মানিত অতিথি ছিলেন বিএনপির ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্নিস বেগম। বিশেষ অতিথি ছিলেন যশোর-৫ আসনের এমপি গাজী ইসলাম হক, যশোর-৬ আসনের এমপি মোহাম্মদ আলী, বিনাইদহ-৫ আসনের এমপি মতিউর রহমান, নড়াইল-২ আসনের এমপি আতাউর রহমান বাচ্চু, বাগেরহাট-৪ আসনের এমপি আব্দুল আলিম, সাতক্ষীরা-৪ আসনের এমপি জি এম নজরুল ইসলাম। আরও বক্তব্য দেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রকৌশলী রুহুল মুন্সিম, মাত্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মিয়া মে। অফিস ন। সভায় যখনো শিক্ষা বোর্ডের উইবসন কর্মকর্তা ও খুলনা বিভাগের ১০ জেলার সহপ্রাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।

অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায়

ধারাবাহিক বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১৩ এপ্রিল) সভিলায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রায় ১১টা থেকে শুরু হয়ে তিন ঘণ্টা এসব বৈঠক অনুষ্ঠিত হয়। মোট ১৫ জন ব্যবসায়ী প্রতিনিধি এসেছেন বলে জানে। প্রকৃে প্রধানমন্ত্রীর অর্থ, বাণিজ্য ও বিদ্যুত উপদেষ্টারাও অংশ নেন বলে জানা গেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্রে জানা যায়, গ্রন্থ ধাপের বৈঠক বেলা ১১টায় শুরু হয়। এতে অংশ নেন- ক্ষয়ার ফ্রম অথ বেভাজার লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা পারভেজ সাইফুল ইসলাম; ট্রান্সকম গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) সিমির রহমান; ট্রান্সকম লিমিটেডের করপোরেট ফাইন্যান্স পরিচালক আব্দুল্লাহ আল মামুন; কাজী ফার্মস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কাজী জাহেদুল হাসান; প্রতিষ্ঠানটির পরিচালক কাজী জাহিন হাসান; ব্র্যাক এনার্জিরহলের ব্যবস্থাপনা পরিচালক জামাা হাসান আলম; এবং ব্র্যাকের সি সি অ্যাড অ্যায়ো এন্টারপ্রাইজের আয়োনিগেট ডিভিউের আরজুল হক। দ্বিতীয় ধাপের বৈঠক শুরু হয় দুপুর ১২টা ৩০ মিনিটে। এতে অংশ নেন- আজিক ডেল্ভার গ্রুপের চেয়ারম্যান এস কে শামিম উদ্দিন; আজিক ফুড অ্যাড বেভাজেজ লিমিটেডের সিইও সাইদেজ জব্বারুল আলম; লাল তীর সিউস লিমিটেডের পরিচালক তাজওয়ার এর আওয়াল এবং প্যাণায়ন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মশিউর রহমান। তৃতীয় ধাপের বৈঠক শুরু হয় দুপুর ১টা ৩০ মিনিটে। এতে অংশ নেন- গ্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও সিইও আহমদ খান চৌধুরী; নাবিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিদের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আমিনুল ইসলাম; ট্রিক গ্রুপের পরিচালক মোহাম্মদ মোস্তফা হাদদার এবং ট্রিকে গ্রুপের পরিচালক তারিক আহমদ। এর আগে গত ৪ এপ্রিল দেশের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী। সেখানে দেশের বিনিয়োগ পরিবেশ, শিল্প খাতে চ্যালেঞ্জ এবং জ্ঞাননি সংকট নিয়ে আলোচনা হয়। এই বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী ও বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুর মুহাম্মদ উপস্থিত ছিলেন।

আজ পহেলা বৈশাখ

আজকের ‘বাংলা সন’। মূলত অর্থনৈতিক শৃঙ্খলা ধরিয়ে আনতেই এ পঞ্জিকা করা জন্ম হয়েছিল। এক সময় বৈশাখ মাসেই ছিল গ্রাম ও শহরের ব্যবসায়ীদের ‘ফেলখাতা’ করার হোলসেল। লাল সাদুতে মোড়ানো নতুন হিচাবের খাতা খোলা হতো পহেলা বৈশাখে। পুরনো বছরের সব দেনা-পালনা তুলিয়ে ক্রেতা-বিক্রেতার মাঝে মিষ্টিময়ের মাধ্যমে গড়ে উঠত এক আত্মিক সম্পর্ক। আধুনিক ব্যাবিহি ও প্রযুক্তির ছোঁয়ায় হালখাতার সেই জৌলুস কিছুটা দ্রান হলেও, এতিহ্যের চানে আজও অনেক পুরান ঢাকা বা গ্রামবাংলার জনপদে টিকে আছে এই প্রথা। ‘পহেলা বৈশাখ আমাদের মনে করিয়ে দেয়, আমরা মূলত বাঙালি। আমাদের এই উৎসব কোনো বিশেষ ধর্মের নয়, আমরা মূলত জনতার’ সংস্কৃতিকর্মীদের দীর্ঘদিনের লালিত এতে নেতনা আজও এটুট। পাকিস্তান শাসনাধীন বাঙালি সংস্কৃতিতে যখন দমনের চেষ্টা করা হয়েছিল, তখন পহেলা বৈশাখ হয়ে ওঠে প্রতিরোধের এক অন্যন হাতিয়ার। ১৯৬৭ সালে রমনার বটমুখে ছায়াটের বর্ধরণ অন্তহান কেবল একটি সংগীতানুষ্ঠান ছিল না, ছিল বাঙালির স্বাধিকার আন্দোলনেরই অংশ। পরবর্তী সময়ে ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অধ্যয়ন কেন্দ্রে রু হওয়া ‘মদল শোভাযাত্রা’ এ উৎসবকে নতুন মাত্রা দেয়। অতন্ত শক্তিকে বিনাশ আর কল্যাণের বারতা নিয়ে বের হওয়া এই পদযাত্রা ২০১৬ সালে ইউনেস্কোর ‘বিশ্বত সাংস্কৃতিক ঐতিহ্য’ হিসেবে স্বীকৃতি পায়, যা পহেলা বৈশাখকে বৈশ্বিক মর্যাদায় আসীন করেছে। বর্তমান সময়ে পহেলা বৈশাখ কেবল রমনার বটমূল বা চারুকলায় সীমাবদ্ধ নেই। দেশজুড়ে শৈশবী মেলা, পাখা-ইলিশের আমেজ আর নাপথলোয়ার কিড়ি-কুড়ি শব্দে মুরবিত হয় জনগণ। বর্তমান প্রযুক্তিনির্ভর যুগেও বাঙালির এই ধাপের উৎসব হারায়নি তার জৌলুস। বরং বিদেশে অবস্থানরত পাখে প্রবাসী বাঙালির মাধ্যমে পহেলা বৈশাখ এখন নিউ ইয়র্কের টাইমস স্কয়ার থেকে শুরু করে লন্ডনের ট্রান্সপ্যার স্কয়ার পর্যন্ত পৌছে গেছে। পহেলা বৈশাখ আজ বাঙালির ঐকাত্মক হওয়ার সবচেয়ে বড় মঞ্চ। জীর্ণ পুরাতনকে ধুয়ে মুছে দিয়ে নতুনের আব্বানে বাঙালি আজও পেয়ে ওঠে ‘এমুে যে বৈশাখ, এমুে এসে’।

পুলিশ দেখে ইয়াবা গিলে অচেতন

সানোয়ার হোসেনের বাড়ি সুপিরগু সদর উপজেলায়। তিনি দীর্ঘদিন ধরে গৌরনদী পৌরসভার দক্ষিণ পালসদী এলাকায় ভাড়া বাসা থেকে মাদক ব্যবসা চালিয়ে আসছিলেন। তাঁর বিরুদ্ধে থানার মাদক-সংক্রান্ত একাধিক মামলা রয়েছে। সোমবার তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে।

জাল সনদধারী ৪৭১ শিক্ষক-কর্মচারীকে

২২৯ জন কম্পিউটার প্রশিক্ষণের জাল সনদ ব্যবহার করে দীর্ঘদিন চাকরি করেছেন। ১৯৪ জন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) সনদ জাল করে চাকরি বাগিয়ে নিয়েছেন। আর বাকি ৪৮ জনের বিএড, বিপিএড, গ্রহাণার বিজ্ঞান ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদ জাল পাওয়া গেছে। ডিআইএর পরিচালক অধ্যাপক এম এম সিহিদুল ইসলাম বলেন, নিরীক্ষা প্রতিবেদনে জাল সনদধারী শিক্ষক, অর্থ আভ্যুসাৎসহ নানান অনিয়মের তথ্য ভুলে ধরা হয়েছে। প্রত্যেকটি অপরাধের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য ও সুপারিশ দেওয়া হয়েছে। প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা নিতে প্রতিবেদনগুলো শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, ডিআইএর পাঠানো জাল সনদধারীদের তালিকা চিঠির মাধ্যমে মাউশিতে পাঠানো হয়েছে। যেহেতু তাদের বেতন-ভাতা মাউশির মাধ্যমে দেওয়া হয়, এজন্য এ বিষয়ে মাউশিকে ব্যবস্থা নিতে বলা হয়েছে। মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করে বলেন, জাল সনদধারী হিসেবে চিহ্নিত হওয়া ব্যক্তিদের সরকারের কাছ থেকে নেওয়া বেতন-ভাতা ফেরত দেওয়ার নির্দেশনা দিতে সুপারিশ করা হয়েছে। পাশাপাশি এসব শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারি আইনে মামলা করার নির্দেশনাও রয়েছে।

‘ইলিশের বাড়িতেও’

বৈশাখ উপলক্ষে ইলিশ কিনতে বাজারে ভিড় করছেন সব শ্রেণি-পেশার মানুষ। তবে অতিরিক্ত দামের কারণে নিম্ন ও মধ্যবিত্ত ক্রেতারা সাধ থাকলেও সাধের অভাবে রূপ নিকিই বাড়ি ফিরছেন। শহরের মালের বাজার ঘুরে দেখা গেছে, ভোজার বাজারে ১ কেজি ওজনের ইলিশ বিক্রি হচ্ছে সড়ে ৫ হাজার টাকা, ৭০০-৯৫০ গ্রামের ওজনের ইলিশ ২ হাজার ৫ শ থেকে ৩ হাজার, ৫০০-৬০০ গ্রামের ইলিশ ২ হাজার, ৩০০-৪০০ গ্রামের ইলিশ ১ হাজার ৪শ টাকা এবং জটিকার কেজিও ১ হাজার টাকায় বিক্রি হচ্ছে। ইলিশ কিনতে আসা ক্রেতা মো. ফয়েজ উদ্দিন বলেন, পহেলা বৈশাখ উপলক্ষে বাজারে ইলিশ কিনতে আসছিলাম। কিন্তু সর্বনিম্ন জটিকার দামও ১ হাজার টাকা কেজি। আর ৫০০-৬০০ গ্রামের ইলিশ ২ হাজার টাকা দেখে অবাক হয়েছি। আমার তো এমন আয় নেই। তাই ইলিশ না কিনে কই ই মাছ কিনে বাড়ি চলে যাই। আরেক ক্রেতা স্বপন চন্দ্র বলেন, বাজারে এসে ইলিশের দাম দেখে আনু কনো হলো না। পহেলা বৈশাখের অজুহাত দিয়ে যাব বিক্রেতারা ইলিশের দাম আমার ক্রয় ক্ষমতার বাহিরে নিয়ে গেছে। আরেক ক্রেতা তাসনিমা বেগম জানান, ৪/৫ দিন আগেও ৫শ গ্রামের ইলিশের কেজি ছিলো ১৫শ থেকে ১৬শ টাকা। সোমবার বাজারে দাম বাড়াই হাজার টাকা। এত দাম দিয়ে আমরা কীভাবে ইলিশ কিনবো। বাজারের ইলিশ বিক্রেতা মো. নিরব, বিল্লাল ও মহিউদ্দিন শিকান, নদীতে ইলিশ ধরায় ২ মাসের নিষেধাজ্ঞা। সব জঙ্গেরা নদীতে যায় না। আবার পহেলা বৈশাখের কারণে ঢাকায় ইলিশের চাহিদা বেশি। এজন্য ভোজার মাছঘাটগুলোতে ইলিশের দাম চড়া। আমরাও দাম বেশি দিয়ে কিনে বাজারের ১০০-২০০ টাকার বেশি লাভ করতে পারি না। তবে পহেলা বৈশাখ ও ইলিশের নিষেধাজ্ঞা শেষ হলে আবারও ইলিশের দাম অর্ধেক কমে যায়। ভোজার ভুলভুলি মন্থসা ঘাটের অভিজ্ঞতার মো. কামাল ব্যাপারী জানান, ইলিশের নিষেধাজ্ঞার কারণে বেশি ভাগ জলেই নদীতে যায় না। পহেলা বৈশাখের কারণে ঢাকার পাইকারি আড়তে ইলিশের দাম অনেকটা বেড়েছে। এ কারণে নিষেধাজ্ঞার মধ্যেও ইলিশ বেচা-বিক্রি হচ্ছে। ঘাটে পাইকারি, ব্যাপারী ও ক্রেতা বেশি হওয়ায় দিল্লারে ইলিশের দাম বেশি উঠে যায়। এ কারণে ইলিশের দাম বেশি। এ বিষয়ে জেলা মন্থসা কর্মকর্তা মো. ইকবাল হোসেন জানান, নিষেধাজ্ঞার মধ্যে কেউ যদি ইলিশ মাছ ধরে বা ঘাট-বাজারের বেচা-বিক্রি করে, তার বিরুদ্ধে আমরা ব্যবস্থা গ্রহণ করবো।

বরিশালে নদী ও খাল থেকে

বৌজাখুঁজি করলেও তার কোনো সন্ধান পাওয়া। বানারীপাড়া থানার উপর মো. মজিবুর রহমান তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। ওপরিদর্শন করলে দুপুরে বরিশালের গৌরনদী-ধুমরা খালের আলোকৌলী বনবিভাগ সংলগ্ন খালের পানিতে ভাসমান অবস্থায় এক নবজাতকের (মেয়ে) মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আলোকৌলী গ্রামের ফিরোজ সদস্যের ছেলে অষ্টম শ্রৌর ছাত্র ওয়ারিদ রহমান জয় বলেন, দুপুর দেড়টার দিকে তারা তিনজনে খালে গোসল করতে গিয়ে ভাসমান অবস্থায় নবজাতককে প্রথম দেখতে পায়। পরবর্তীতে মরদেহটি লাটি দিয়ে খালের পাশে টেনে এনে স্থানীয়দের খবর দেয়। গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল জানিয়েছেন, বহরপেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে নবজাতকের মরদেহ উদ্ধার করা হয়েছে।

সরকারি কর্মকর্তাদের বাড়ি-গাড়িসহ

সভাপতিত্বে মন্ত্রিসভা বৈঠকে সরকারের পরিচালনা ব্যয় কমাতে বেশ কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সিদ্ধান্তের আলোকে অনুষ্ঠানিকভাবে পরিপত্র জারি করল মন্ত্রিপরিষদ বিভাগ। পরিষদের জানানো হয়েছে, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সরকারের পরিচালনা ব্যয় কমাতে নিচের নির্দেশনাগুলো বহাল থাকবে। ১. সরকারি গাড়িতে মাসিক ভিত্তিতে বরাদ্দ করা জ্বালানির ব্যবহার ৩০ শতাংশ কমাতে হবে। ২. সরকারি কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের জন্য শুধুমত স্বণ প্রদান এবং সরকারি অর্থায়নে সব বেসেলিক প্রশিক্ষণ বন্ধ থাকবে। ৩. প্রশিক্ষণ ব্যয় ছাড়া অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যয় ৫০ শতাংশ কমাতে হবে। ৪. সভা বা সেমিনারে আগায়ন ব্যয় ৫০ শতাংশ ও সেমিনার বা কনফারেন্স ব্যয় ২০ শতাংশ কমাতে হবে। ৫. ভ্রমণ ব্যয় ৩০ শতাংশ কমাতে হবে। ৬. সরকারি খাণ্ডে গাড়ি, জলযান, আকাশযান ও কম্পিউটার ক্রয় শতভাগ কমাতে হবে। ৭. সরকারি কার্যালয়ে জ্বালানি, বিদ্যুত ও গ্যাসের ব্যবহার ৩০ শতাংশ কমাতে হবে। ৮. আবাসিক ভবনের শোভাবর্ধন ব্যয় ২০ শতাংশ ও আবাসিক ভবনের শোভাবর্ধন ব্যয় ৫০ শতাংশ কমাতে হবে। ৯. ভূমি অধিগ্রহণ ব্যয় শতভাগ কমাতে হবে।

বিএনপিকে কওমি মাদ্রাসা সম্পর্কিত

বাধাতমূলক ধর্মীয় শিক্ষক নিয়োগে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সরকারের প্রতি আহ্বান দেখে ইসলামী আন্দোলন বাব্বাদেরের সিনিয়র নায়বে আমির বলেন, ইশতেহারে যা যোগ্যতা করেছেন, তা দ্রুত বাস্তবায়ন করুন। কওমি শিক্ষামাধ্যমে যোগ্যতাকে জাতির খেদমতে দিগায়ন করুন। জাতীয় জামায়াতে আকীমা পরিষদের সভাপতি মুফতি মিজানুর রহমান সাঈদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মুফতি রেজাউল করীম আব্বারের এবং সঞ্চালনারয় অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী, খেলাফত মজলিসের নায়বে আমির মাওলানা আহমাদ আলী কাসেমি, ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর প্রেসিডিয়াম সদস্য অধ্যক্ষ মাওলানা সৈয়দ মোসাদ্দেক বিল্লাহ আল মাদানী, অধ্যাপক মাহবুবুর রহমান, যুগ্ম মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান, বেফাকুল মাদারিসিল ধীনীয়ার মহাসচিব মুফতি মোহাম্মদ আলী, বেফাকুল মাদারিসিল আরবিয়ার সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক মুফতি আউ ইউসুফ, রামপুরা জামিয়া কারীমিয়ার মুহাদিস মুফতি হেমায়েতুজ্জাহ, ওলম্মা মাশায়েখ আলিয়া পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক মুফতি লুৎফের রহমান ফরায়ৌজী, জাতীয় নাপারিক মারির সওগার তুষার, ন্যাশনাল ওলম্মা অ্যাসোসিয়ের (এনসিপি) আহ্বায়ক আশাফক মাহদী ও সাধারণ সম্পাদক মাওলানা সানাউল্লাহ মদানী। সভায় হেফাজতের যুগ্ম মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী বলেন, কওমি মাদারসার দাওরায় হাদিসের মান কার্যত প্রত্যাহার। এই মান দিয়ে তারা মাজলিরে ইমাম হতে পারেন না, সরকারি চাকরি করতে পারেন না, শিক্ষক হতে পারেন না। সকল গ্রাইমারি স্কুলে একজন করে ধর্মীয় শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক করতে হবে। এজন্য আমাদের মার্টে আন্দোলন এবং সরকারের সাথে আলোচনা চলমান রাখতে হবে। মাওলানা আহমাদ আলী কাসেমি বলেন, বর্তমান সরকারের দাবি আছেন তারা অন্তর্বর্তীকালীন সরকারেরে অনেক সিদ্ধান্ত বাস্তবায়ন করতে চায় না। এজন্য আমাদের এ আলোচনা ফলস্পূ্র করতে হলে সরকারকে বাধ্য করতে হবে। গাজী আতাউর রহমান বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মীয় শিক্ষক নিয়োগের দাবিটা শুধু একটা দাবি নয়, এই দাবি দেশের স্বাধীনতা, সার্বভৌমত্বের সাথে সম্পৃক্ত। কারণ দীন ও ইসলাম আমাদের সন্তানের মাঝে বেঁচে থাকলে তারা এদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব চিকিয়ে রাখতে বন্ধপরিকর থাকবে। কিন্তু বিদেশী ফাভ ও অন্যান্য এনজিওর সুবিধা নেওয়ার অজুহাতে এদেশের একাধিক মামলা রয়েছে। সোমবার তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে।

প্রাতিসিং মুসলিম, তাদেরকেই নিয়োগ দিতে হবে। আমরা আজ সরকারকে একটা মৃদু আওয়াজ দিয়ে সতর্ক করলাম। আমরা এটা নিয়ে আন্দোলন করতে চাই না। সরকারের শুভরুদ্ধির উদ্যয় হবে এটাই আমরা আশাবাদী। প্রয়োজনে এ বিষয়ে সরকারকে আমরা সহযোগিতা করতে চাই। আজ আমরা সতর্ক করলাম, প্রয়োজনে আন্দোলনেও যাব। সভাপতির বক্তব্যে মুফতি মিজানুর রহমান সাঈদ বলেন, কওমি মাদ্রাসার শিক্ষার্থী বিশেষ করে ইফতা নিয়ে উচ্চতর পাড়াশো করা ছেলেরা ইংরেজিসহ একাধিক ভাষাগত দক্ষতা, ফিন্যান্স, ব্যাবিকিংসহ বহুবিন জ্ঞানে গভীর একাডেমিক যোগ্যতা অর্জন করেন। তাদেরকে মূলধারায় সুযোগ করে দিলে দেশ ও জাতি উপকৃত হবে।

বাধ্য হয়ে একই ওয়ার্ডে চিকিৎসা

‘হাসপাতালটির কম্পাউন্ডের মধ্যে টিনশেড ভবনে ডায়রিয়ার একটিমাত্র ওয়ার্ড তৈরি করা হয়েছে। তাও আবার ৪ শয্যার। নারীদের জন্য পৃথক কোনো ওয়ার্ড থাকায় চিকিৎসা চলে পুরুষদের সঙ্গেই। প্রতিদিন ওয়ার্ডটিতে ২০ থেকে ২৫জন মানুষ ভর্তি হচ্ছেন এই রোগে। যার মধ্যে ৮ থেকে ১০ জনই নারী রোগী। বরিশাল সদর উপজেলার কাশিপুর ইউনিয়নের ৩৫ বর্গবস্তির নার্সিগ আক্তার। ডায়রিয়ায় আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে বরিশাল জেনারেল হাসপাতালে। নারী ও পুরুষদের একসাথে চিকিৎসা হওয়ায় শয্যার চারপাশে কাপড় টানিয়ে চিকিৎসা নিতে হচ্ছে তাকে। তার অভিযোগ, ‘অনেকটা বাধ্য হয়েই হাসপাতালতে ভর্তি হয়েছেন। কারণ শয্যার দুই দিকে পুরুষ রোগী, যা খুব অবস্থিকর।’ সালাম নামের আরেক নারী রোগী বলেন, ‘নারীদের জন্য আলাদা ওয়ার্ড তৈরি করা উচিত। এভাবে হাসপাতালে নেয়া পর্দারও বরখোলাপ।’ এদিকে ‘হাওয়াবিভাগের তথ্য মতে, ১৯১০ সালে প্রতিষ্ঠিত জেনারেল হাসপাতালটি ২’শ শয্যায় উন্নীত করার কথা থাকলেও তা কেবল প্রায়চার-কমই হয়েছে। যদি হাসপাতালের পূর্বপাশে ১২ উল্লবিশিষ্ট নতুন ভবনের কাজ আটকে আছে মরাপথে। ভবন সংকটের দেহাই দিয়ে এ বিষয়ে বরিশাল জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা ডা. মময় কৃষ্ণ বড়াল জানান, ‘প্রতদিন ডায়রিয়া ওয়ার্ডে রোগীর সংখ্যা বাড়লেও প্রয়োজনীয় বিধানা ও ওয়ার্ড না থাকায় নারী-পুরুষ একসঙ্গে চিকিৎসা নিচ্ছেন। অনেক সময় মেঝেতেও চিকিৎসা নিতে হয়।’ অন্যদিকে ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত বিভাগের সবচেয়ে বড় চিকিৎসা কেন্দ্র শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে শুধু শিশুদের ডায়রিয়ার চিকিৎসা দেয়া হয়।

ভয়াবহ বিপর্যয়ের মুখে বরিশাল!

শুক মৌসুমে মহানপরীতে ভূগর্ভস্থ পানির স্তর নেমে যায় প্রায় ৪৫ ফুট নিচে। অন্যদিকে সদর উপজেলার জাতিয়া, কড়াপুর, কাশিপুর, চরবাড়িয়া ও চরকাউয়া ইউনিয়নে পানির স্তর নেমে যায় প্রায় ৩০ ফুট পর্যন্ত। ফলে এসব এলাকার মানুষকে পানির চাহিদা মেটাতে সাবমারিসবল মোটরের ওপর নির্ভর করতে হচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরিশাল ইউশায়ের কার্যালয়ের অতিরিক্ত পরিচালক ড. মো. নজরুল ইসলাম সিকদার জানান, কৃষিকাজের জন্য ভূ-অভ্যন্তরীণ পানির স্তর নিয়মিত পর্যবেক্ষণ করা জরুরি। বর্ষাকালে সাধারণত ৫-৭ ফুট নিচে গেলেই পানির স্তর পাওয়া যায়। তবে গ্রীষ্মকালে পানির সংকট তীব্র হয়, ফলে কৃষকদের জোগাড়ি বাড়়ে। বর্তমানে সেতের একটি বড় অংশ নদী ও জলাশয়ের পানির নির্ভরশীল। বাংলাদেশ পরিবেশ অন্দোলনের (বাপা) সমন্বয়কারী রফিকুল ইসলাম দীর্ঘদিন ধরে বরিশালের পরিবেশ নিয়ে কাজ করছেন। তিনি জানান, মহানপরীতে বর্তমানে ৭৫ হাজারের বেশি নলকূপ রয়েছে। এসব নলকূপের মাধ্যমে ভূগর্ভস্থ পানির তিনটি স্তরের মধ্যে সবচেয়ে গভীর স্তর থেকেও পানি উত্তোলন করা হচ্ছে। এতে ভূগর্ভে শূন্যতা তৈ

মানসিক ভারসাম্যহীন যুবককে

শ্রম্ভতার জেরে একদল দুর্বৃত্ত তার ওপর অতর্কিত হামলা চালায়। হামলাকারীরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে গুরুতর জখম করে ঘটনাস্থলে ফেলে রেখে পালিয়ে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম বলেন, ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। জড়িতদের গ্রেফতারে অভিযান চলাছে।

ঝালকাঠিতে জেলা পরিষদের

বলেন, ঝালকাঠি জেলা পরিষদের বেশ কিছু জমি দীর্ঘদিন ধরে ভূমিদস্যুরা অবৈধভাবে দখল করে রেখেছে। এসব জমি উদ্ধার করে বিধি মোতাবেক সেখানে দোকান বা মার্কেট নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। এর ফলে একদিকে যেমন সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে, অন্যদিকে স্থানীয় অর্থনীতিও আরও গতিশীল হবে বলে তিনি আশা প্রকাশ করেন। পরিদর্শনকালে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা ইমরান শাহরিয়ার উপস্থিত ছিলেন। এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর নলছিটি উপজেলা শাখার সহ-সভাপতি কবির হোসেন জমাদ্দার ও সাধারণ সম্পাদক সেলিম গাজীসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। জেলা পরিষদ কর্তৃপক্ষ জানায়, অবৈধ দখলদারদের হাত থেকে সরকারি সম্পদ রক্ষায় এই জমি উদ্ধারে প্রক্রিয়া দ্রুত শুরু করা হবে।

সাইদুল হত্যার বিচার দাবিতে

এখনো পলাতক থাকেন। মানবরক্ষনে শিক্ষার্থীরা এই হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের দ্রুত গ্রেপ্তার করে বিচারের মুহুমুখি করার দাবি জানান। এতে বন্ধবা দেন নিহত শিক্ষার্থী সাইদুল ইসলামের সহপাঠী আবুল কাসেম, জহিরুল ইসলাম ও মো. জিয়াদ। নিহত সাইদুল ইসলামের বাবা আবুল হোসেন খান বলেন, গত ২৯ মার্চ সকালে বাকেরগঞ্জ উপজেলার রসুলী ইউনিয়নের লোচানাবাদ গ্রামে তাঁদের বসতবাড়িস্থলয় জমিতে একটি দোকানখর নির্মাণের কাজ শুরু করেন। এ সময় একই গ্রামের বাসিন্দা মিলন খান ৮-১০ জন ভাড়াটে লোকসহ ধারালো অস্ত্র ও লাঠিসেঁটা নিয়ে অতর্কিত তাঁদের ওপর হামলা ও ভাঙচুর করেন। হামলায় তাঁর ছোট ছেলে সাইদুল ইসলাম রক্তাক্ত জখম হন। তাকে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে বরিশাদের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ৩১ মার্চ রাতে সাইদুল মারা যান। বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বন্দুকার কে এম সোহেল রানা দুপুরে বলেন, এখন পর্যন্ত মামলায় ২ নম্বর আসামি গ্রেপ্তার হয়েছে। বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

ইসরায়েলে সামরিক অভিযানের

(শাংকৃতিক ঐতিহাবিষয়ক) অমিচাই ইলিয়াহ তাঁকে একজন ‘উন্মাদ একদমক’ হিসেবে অভিহিত করেছেন। জেরুজালেম পাসেদের প্রতিবেদন থেকে জানা যায়, রোববার ইস্তাবুলে ইস্টারনয়ান্যাল এশিয়া-পলিটিক্যাল পাটিজ কনফারেন্সে ভাষণ দেন এরদোয়ান। সেখানে তিনি বলেন, ‘একটি রক্তমাখা গণহত্যার নেটওয়ার্ক কোনো নিয়ম-নীতির তোয়াক্কা না করে নিরপরাধ শিশু ও নারীদের হত্যা করছে।’ তিনি আরও বলেন, ‘ইসরায়েলকে ধামানোর জন্য আমাদের শক্তিশালী হতে হবে। আমরা যেভাবে কারাবাদ ও গিলিয়ায় নিশেত করেছিলাম, তাদের বিরুদ্ধেও আমরা এই ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারি। আমাদের ঠেকানোর মতো কেউ নেই।’ এরদোয়ান অভিযোগ করেন, লেবাননে ১২ লাখ মানুষকে ঘরবাড়ি ছাড়তে বাধ্য করেছে ইসরায়েল। এ ছাড়া ফিলিস্তিন বন্দীদের জন্য ইসরায়েলি পার্লামেন্টে (নেসেট) মুতাদ্রু পাসের তাঁর সমালোচনা করে একে ‘বর্বর’ পদক্ষেপ হিসেবে বর্ণনা করেন তিনি। এদিকে, এরদোয়ানের এই হুমকির কড়া জবাব দিয়েছেন ইসরায়েলি মন্ত্রী অমিচাই ইলিয়াহ। তিনি ত্বরস্বক ‘ভে’ আখ্যা দিয়ে বলেন, ‘গভীর সাইপ্রাস দখল করেছে এবং কূর্ণিপদে ওপর নিপীড়ন চালাচ্ছে, তাদের মুখে নীচ কথা মানা না।’ এরদোয়ান নিজেকে অটোমান সুলতান মনে করেন, কিন্তু তিনি একজন বৈরনাসক যার দেশের অর্থনীতি সেে পড়ছে এবং গণতন্ত্র মৃত।’ ইলিয়াহ তুরস্কের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক সম্পূর্ণ ছিন্ন করার প্রস্তাব ইসরায়েলি সরকারের কাছে উত্থাপন করবেন বলেও এলীকার করেছে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে এআই দিয়ে বানানো একটি ছবিও শেয়ার করেছেন, যেখানে দেখা যাচ্ছে প্রধানমন্ত্রী নেতাজিনহ জেরুসালামেরে টেম্পল মাউন্টে পতাকা ওড়াচ্ছেন আর এরদোয়ান তাঁর পায়ে পড়ে আছেন। সাম্প্রতিক এই উত্তেজনার সূত্রপাত গত শুক্রবার তুরস্কের একটি আদালতের সিদ্ধান্তের পর। ২০১৫ সালের অক্টোবরে ‘মুমদ’ গাফিটা ফোরাসা (ক্রোবাহী জাহাজ বহর) আটক করার দায়ে তুরস্কের আদালত প্রধানমন্ত্রী নেতাজিন্যাছ, প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েলের কাছজ এবং জাতীয় নিরাপত্তা মন্ত্রী ইতমার বেন গাবির্নসহ ৩৬ জন ইসরায়েলি কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ গঠন করেছে। ইস্তাবুলের দাবি জারিয়েছেন। এই অভিযানের জন্য দারীদের দীর্ঘমেয়াদি কারাদন্ডের প্রতিশ্রুতিও দেয়া হয়েছে। তিনি ইসরায়েলি নেতারা এরদোয়ানকে ‘কাভজের বাঘ’ হিসেবে আখ্যা দিয়েছেন। ইতমার বেন-গাবির্ন সরাসরি ফুর্কটিপূর্ণ ভাষায় এরদোয়ানের সমালোচনা করেন। এর জবাবে তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয় নেতাজিন্যাছকে ‘বর্তমান সময়ের হিটলার’ বলে অভিহিত করেছে।

সমঝোতার এক ধাপ দূরে ছিল

চূড়ান্ত করার দূব কাছাকাছি পৌছে গিয়েছিল। দোেমবার (১৩ এপ্রিল) আলজাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম একে দেওয়া এক পোস্টে তিনি বলেন, গত ৪৭ বছরের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে অতান্ত নিবিড় আলোচনা অনুষ্ঠিত হয় এবং দুই দেশে চুক্তির ‘একেবারে কাছাকাছি’ অবস্থানে ছিল। তবে আলোচনার শেষ পর্যায়ে এসে বিভিন্ন জটিলতা দেখা দেয় বলে উল্লেখ করেন তিনি। আগরতি অভিযোগ করেন, আলোচনার ‘অতিরিক্ত দাবি, বারবার সূত্র পরিবর্তন এবং অচলবাধু’ তৈরি করা হয়। তিনি বলেন, ইতিহাস থেকেত কোনো শিক্ষা নেওয়া হয়নি। সদিচ্ছা সদিচ্ছাই জন্ম দেয়, আর শত্রুতা শত্রুতাই সৃষ্টি করে। এদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে এখনো সমঝোতার পথ খোলা আছে বলে জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাহুদ পেজেশ্কেরিয়ান। সব বাধা সত্ত্বেও কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্ব দিয়েছেন পেজেশ্কিয়ান। রোববার (১২ এপ্রিল) সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে পেজেশ্কিয়ান বলেন, যুক্তরাষ্ট্র যদি নিজেদের শ্রেষ্ঠতাত্ত্বিক নোভোভ ত্যাগ করে এবং ইরানের জনগনের অধিকারকে সম্মান করে তাহলে দুই দেশের মধ্যে চুক্তি সম্ভব। তিনি ইরানের প্রতিনিধিদলের অভিনন্দন জানিয়ে বলেন, আমি ইরানের প্রতিনিধিদলের সব সদস্যকে অভিনন্দন জানাই। আল্লাহ আপনাদের আরও শক্তি দিন। এর আগে পাকিস্তানের ইসলামাবাদে ইরান ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মধ্যে দীর্ঘ ২১ ঘণ্টার বৈঠক হয়। তবে কোনো সমঝোতা ছাড়াই সেই বৈঠক শেষ হয়।

ঘরের দরজা ভেঙে গৃহবধূকে

হয়। এর আগে রোববার (১২ মার্চ) গভীর রাতে ঐ ঘটনা ঘটে। এজহার সূত্রে জানা গেছে, উপজেলার হাজিরহাট ইউনিয়নের চরবাঁহিন এলাকায় রোববার গভীর রাতে তিন থেকে চারজন অজ্ঞাতনামা ব্যক্তি একটি বসতঘরের দরজা ভেঙে ভেতরে ঢুকে অভিজ্ঞ মিরাজসহ (২৫) তার সহযোগীরা ওই গৃহবধূকে সংযতক ধর্ষণ করেন। ভুক্তভোগীরা দাবি, ঘটনার সময় মোহাইল ফোনের আলোতে তিনি অভিজ্ঞ মিরাজকে শনাক্ত করতে সক্ষম হন। হামলাকারীরা তার কাশ থাকা স্বর্ণের দুল, নাকসুত্র এবং একটি মোবাইল ফোন লুট করে নিয়ে যায়। লুট হওয়া মালামালের আনুমানিক মূল্য প্রায় ৬০ হাজার টাকা। তিনি জানান, ঘটনার পরপরই বিষয়টি স্থানীয়ভাবে জানানো হয় এবং নিরাপত্তার জন্য বাড়িতে সতর্কতামূলক পাহারার ব্যবস্থা নেওয়া হয়। এরই মধ্যে রোববার রাত সাড়ে ১২টা থেকে ১টার দিকে সন্দেহভাজন এক ব্যক্তি বাড়ির আশপাশে যোরাফেরা করলে ভুক্তভোগীর বাবা তাকে আটক করার চেষ্টা করেন। এ সময় অভিজ্ঞ মিরাজ ধারাল অস্ত্র দিয়ে তাকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করে পালিয়ে যান। পরে স্থানীয়দের সহায়তায় তাকে উদ্ধার করে মনপুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রামে রেফার করা হয়েছে। মনপুরা

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ আল ফরিদ ভূঁইয়া বলেন, সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে ভুক্তভোগীকে হেফাজতে নেওয়া হয়েছে। ইতোমধ্যে একজনকে গ্রেপ্তার করে আদালতে পাঠানো হয়েছে। অন্যদের গ্রেপ্তারের জন্য অভিযান চলাছে।

স্বতন্ত্র ইবতেদায়ী মদ্রাসা

রহমান সাধারণ সম্পাদক সোহরাওয়ার হোসেন, সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ মনিরুল ইসলাম। যুগ্ম সাধারণ সম্পাদক জাকির হোসেন, মোহাম্মদ নসোর উদ্দিন মল্লিক ও মোহাম্মদ হাবিবুল্লাহসহ অন্যান্য নেতৃবৃন্দ।

‘জনতার কল সেন্টার’ উদ্বোধন

মানুষ অভিযোগ, পরামর্শ ও তথ্য সেবা গ্রহণ করতে পারবেন। পাশাপাশি জরুরি স্বাস্থ্যসেবার অংশ হিসেবে রক্তের প্রয়োজন হলে দ্রুত তা সংগ্রহের উদ্যোগ নেওয়া হবে। উদ্বোধনী বক্তব্যে ডা. শফিকুল ইসলাম মাসুদ বলেন, এই উদ্যোগের মূল লক্ষ্য হলো স্থানীয় এমপির সেবা তৃপ্তমূল পর্যায়ের সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া। তিনি বলেন, “সাধারণ মানুষ যাতে সহজেই একজন এমপির কাছে তাদের চাওয়া-পাওয়া ও অনুযোগ জানাতে পারে, সে উদ্দেশ্যেই জনতার কল সেন্টার চালু করা হয়েছে।” তিনি আরও জানান, কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত সমস্যাগুলো দ্রুত সময়ের মধ্যে সমাধানের চেষ্টা করা হবে। পাশাপাশি বেকার যুবক-যুবতীদের শিক্ষাজাত যোগ্যতা ও কর্মদক্ষতা বিবেচনা করে কর্মসংস্থানের বিষয়েও সহায়তা দেওয়া হবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতে ইসলামীর আমির (ভারপ্রাপ্ত) মাওলানা মো. রফিকুল ইসলাম, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট মুজাহিদুল ইসলাম ও ছাত্রশিবিরের সাবেক পটুয়াখালী জেলা সভাপতি রফিকুল ইসলাম নূর ও উপজেলা ছাত্রশিবিরের সভাপতি হাফেজ আরিফুর রহমান প্রমূখ।

ওরশ থেকে ফেরার পথে

মাধায় গুরুত্বর আঘাত লগ্নে এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। পরে বিকলে তা পরিবারের কাছে হস্তান্তর করা হয়। নিহত জুনায়েদের বাড়ি পাশের পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার নলুয়াবাগী গ্রামে। তার বাবার নাম আবু সালেদ। রামতলী থানার ওসি (তদন্ত) সাইদুল ইসলাম জানান, দুর্ঘটনার পর শিউড়ির মরদেহ আইনি প্রক্রিয়া শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ভাণুরিয়ায় হাফেজ বিষয়ে উত্তীর্ণ

আলহাজ্ব জাকির হোসেন নিজাম এর সভাপতিত্বে আখেরি মনোজাত পরিচালনা করেন, আন্তর্জাতিক মোফাছেহের কুরআন আলহাজ্ব হযরত মাওলানা মুফতি মুহাম্মদ ওয়ালিউল্লাহ। এসময় মঞ্চে অন্যান্যের মধ্যে ভাণুরিয়া সরকারি কলেজের সাবেক ভিপি মো.মাহমুদ হোসেন,সাবেক উপজেলা চেয়ারম্যান মো.মাহিবুল হোসেন মাহিহসহ স্থানীয় এবং বিভিন্ন এলাকা থেকে আগত মুসল্লীগণ মনোজাতের শরিক হন। এদিকে চর্দিন ব্যাপি তাফসীরুল কুরআন মাহিফিলের শেষ দিনের প্রথম অধিবেশনের পর অনুষ্ঠানের সভাপতিত্ব এবং বাইতুল কুরআন হাফিজিয়া মদ্রাসা ও জমি’আয়ে তাজবিবুল কুরআন নূরানী মদ্রাসার প্রতিষ্ঠাতা পরিচালক বিশিষ্ট শিল্পপতি আলহাজ্ব জাকির হোসেন নিজাম প্রতিবছরের নায় বহরও ঐ মাদরাসার ১০শিক্ষার্থী হাফেজ বিষয়ে উত্তীর্ণ হওয়ায় তাদের মাঝে বিনা মূল্যে পাঞ্জাবী,পাজামা,পাশাডুড়ী,টুপি ও কুরআন শরীফ দান করেন। হাফেজগণ হলেন,হাফেজ মো. রায়হান ইসলাম,আবুদ্বাাহ আল রাফি,মেহেদী হাসান,ইহতিয়াজ আহমেদ,মুহিত হাওলাদার,আনাস আহাম্মি,মল্ল্যাদুল হক শামীম, তাসদিন আহমেদ,সায়িব হোসাইন,আবুদ্বাাহ। এবং এমরায় চার জন শিক্ষক কেও অনুরূপ ভাবে দান করলে। তারা হলেন,হাফেজ মাওলানা সিরাজুল ইসলাম,হাফেজ মো. মো. আব্দুল কাইউম,হাফেজ মো. বাকি বিল্লাহ ও হাফেজ মো. আবু হানিফ।

ভুয়া ডাক্তার ও ক্লিনিক

বলে অভিযোগ পাওয়া যায়। বিষয়টি তাৎক্ষণিকভাবে যাচাই করে জামাঘা আদালত ব্যবস্থা গ্রহণ করে। জামাঘা আদালত ক্লিনিকের মালিক মনির হোসেনকে ৫ হাজার টাকা জরিমানা এবং ৭৭ দিনের বিলম্বাম কারাদণ্ড দেন। একই সঙ্গে ছুয়া চিকিৎসক পরিচয়ে চিকিৎসাসেবা দেওয়া কি, বর্নকলে ১ বছরের বন্দিগাম কারাদণ্ড দেওয়া হয়। উপজেলা সরকারী কমিনারার (ভূমি) সূনিষ্ঠ দেননাথ জানান, জনস্বাস্থ্য সুরক্ষায় সরকার জিরো টারগেট নীতি গ্রহণ করেছে। সাধারণ মানুষের জীবন নিয়ে যারা এ ধরনের প্রতারণা করবে, তাদের বিরুদ্ধে অভিযান আরও জোরদার করা হবে। সাজাপ্রাপ্তদের জেলহাজতে পাঠানো প্রক্রিয়া চলছে।

নিয়ন্ত্রণ হারিয়ে টমটম

পটুয়াখালী সদর থানার অফিসার ইনচার্জ ওসি মো. মনিরুজ্জামান জানান, দুর্ঘটনার খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থরের দিকে যাচ্ছে। দুর্ঘটনাকবলিত যানটি উদ্ধার এবং পরবর্তী আইনি প্রক্রিয়াধীন রয়েছে।

জ্বালানিসংকটের মধ্যেই সাগরে মাছ

দিন নিষেধাজ্ঞার প্রয়োজন রয়েছে কি না, তার ওপর কারিগরি গবেষণার তাগিদ দিয়ে আসলেছেন। এর পরিপ্রেক্ষিতে সময়সীমা পুনর্বিন্যাস করে গত বছরের ১৬ মার্চ এসক্রেপ্ত গ্রহণজন জারি করে মংসা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। বরিশাল বিভাগীয় মংসা অধিদপ্তরের কর্মকর্তারা জানান, মাছের বংশবিস্তার, বেড়ে ওঠা ও টেকসই আহরণের জন্য বঙ্গোপসাগরে ভারত এবং বাংলাদেশ সরকার বছরের নির্দিষ্ট একটি সময়ে মাছ ধরায় নিষেধাজ্ঞা দেয়। প্রতিবছর বাংলাদেশের জলসীমায় এই নিষেধাজ্ঞা থাকত ২০ মে থেকে ২০ জুলাই ৬৫ দিন। আর ভারতের জলসীমায় তা থাকে ১৫ এপ্রিল থেকে ১৪ জুন ৬১ দিন। দক্ষিণের জেসেদের সঙ্গে কথা বলে জানা যায়, মা ইলিশ ধরায় ২২ দিনের নিষেধাজ্ঞা, ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা ধরায় ৮ মাসের নিষেধাজ্ঞা, মার্চ-এপ্রিলে দুই মাসের অভয়াগারের নিষেধাজ্ঞা এবং সাগরে ৬৫ দিনের নিষেধাজ্ঞা সব মিলিয়ে বছরে ১৪৭ দিনের নিষেধাজ্ঞা প্রচলিত হতে থাকেন। কিন্তু এখন তা ৮ দিন কমে যাওয়ায় ১৮৬ দিন নিষেধাজ্ঞা হবে। মধ্যপ্রাচ্যে যুদ্ধ থিরে বিপর্যায়ী জ্বালান সরবরাহ ব্যাহত হওয়ায় এর প্রভাব পড়ছে দেশের মনুষ্যগামী মংসা খাবারে। ডিজেলের সংকটের কারণে দেশের দক্ষিণাঞ্চলে এসে মাসের বেশি সময় ধরে মালয়েশিয়া মাছ ধরা ট্রলার সাগরে মাছ আহরণে যেতে পারেনি। এতে চরম বিপাকে পড়েন এ অঞ্চলের কয়েক লাখ জেলে, ট্রলারমালিক ও মংসা খাতের ব্যবসায়ীরা। পটুয়াখালীর মহিপুরের জেলে রফিক মাফি বলেন, বেশ কিছুদিন ধরে ডিজেলসংকটে সাগরে যেতে পারেননি। এখন নিষেধাজ্ঞা শুরু হলে পরিবার চালালেও নীতিবো, রুখতে পারবেন না। বরগুনার পাথরঘাটা উপজেলার জেলে ট্রলারের মাফি জাম্বুর হোসেন বলেন, ‘ডিজেলের অভাবে সাগরে নামতে পারি নাই। এইবার ঈদেও পোলাপানদের একটু নতুন কাপড় দেতে পারি নাই, একটু ভালো খাবেনও না। এইর মধ্যে আবার নিষেধাজ্ঞা। মোটেো মোনে আর বাঁচনের উপায় নাই।’ মহিপুরের আত্মতার ফল্গু গাজী বলেন, টানা জ্বালানিসংকটের কারণে বাজারে মাছের ঘাটতি তৈরি হয়েছে, ব্যবসাও চালা পড়ছে। এখন আবার দীর্ঘ নিষেধাজ্ঞার ধকল জেলে-ব্যবসায়ীদের আরও দুর্দশায় ফেলবে। দক্ষিণাঞ্চলের বৃহৎ মংসা খাতের বরগুনার পাথরঘাটা ও পটুয়াখালীর মহিপুরের আড়তদারেরা জানান, নিষেধাজ্ঞার সময়ে তাদের ওপর বাড়তি চাপ তৈরি হয়। কারণ, এ সময় জেলেদের সংসার চালাতে আড়ত থেকে টাকা দিতে হয়। তাদের বিরুদ্ধে জীবিকার সুযোগ না থাকায় আড়তদার ও জেলে সবাই দুঃস্থিত্যায় থাকেন। মংসা অধিদপ্তর সূত্র জানায়, নিষেধাজ্ঞা প্রচলিত হলেদেশের দক্ষিণা লাম্বের সরসার সদস্যরাষ্ট্রীয় জেলেদের সঙ্গে ৪০ থেকে জেলে চাল দেওয়া দেবে। সে অনুযায়ী ৫৭ দিনের প্রত্যেক জেলে ৭৭ দশমিক ৩০ কেজি করে কচি সহায়তা পাবেন। বরিশাল বিভাগীয় মংসা অধিদপ্তর সূত্র জানায়, বরিশাল বিভাগে ১ লাখ ৪৬ হাজার ২৯ জন এই সহায়তা পাবেন। এ জন্য ১ হাজার ১২৯ দশমিক ৪২ টন চাল এরই মধ্যে বরাদ্দ করা হয়েছে। পটুয়াখালী জেলার সহায়তা পাবেন ৪৭ হাজার ৩৭১ জন, ভোলায় পাবেন ৩৩ হাজার ৯৫৪ জন, বরগুনা জেলায় ২৭ হাজার ২৫০ জন, বরিশাল জেলায় ১ হাজার ৮১১ জন, ঝালকাঠি জেলায় ২৪০ জন এবং পিরোজপুর জেলায় ৫ হাজার ৩৬১ জন জেলে এই সহায়তা পাবেন। তবে জেলেদের সঙ্গে কথা বলে জানা গেছে, বিতণ্ডে সমুপাধায়ী জেলের সংখ্যা প্রায় তিন লাখ। এর ফলে অর্ধেকের কম জেলে এই সহায়তা পাবেন। তার ওপরে অনেক ক্ষেত্রে প্রকৃত

জেলেরা এই সহায়তা পান না। আর যাঁরাও পান, তাঁরা বরাদ্দের চেয়ে কম চাল পান। এর ফলে এই সহায়তা খুব একটা কাজে আসে না। বরগুনার তালতলী উপজেলার জয়লভাড়া এলাকার জেলে আলম মিয়া বলেন, সরকার চাল দেয়, কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই প্রকৃত জেলেরা তা পান না। যাঁরাও পান, তাঁদের ওজন কম দেওয়া হয়। আলম মিয়া আক্ষেপ করে বলেন, ‘খালি চাউল দিয়া কি প্যাডের খিদা ধামে? বাজারসদাই, সংসারের অন্য সব খরচাপাতি ক্যামনে চলবে? হেই দিকে তো কেউর নজর নাই।’ মংসা অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের জ্যেষ্ঠ সহকারী পরিচালক মো. আনিসুজ্জামান বলেন, এরই মধ্যে সহায়তার চালের বরাদ্দ জেলা-উপজেলায় পৌছে গেছে। স্থানীয় প্রশাসনের তদারকিতে ইউনিয়ন পরিষদ তালিকা করে এই চাল বিতরণ করবে।

পারিবারিক কলহে

জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়েছে। নিহত ইরানি গৌরিচন্না ইউনিয়নের মো. আবজলা হাওলাদারের মেয়ে। কয়েক বছর আগে পারিবারিকভাবে তাদের বিয়ে হয়। তাদের সংসারে একটি শিশু সন্তান রয়েছে।

স্থানীয়দের দাবি, বিয়ের পর থেকেই দাম্পত্য জীবনে অশান্তি পেলেই ছিল। তদন্ত সূত্রে জানা গেছে, গত ১১ এপ্রিল বিকеле মনসাতলী এলাকার একটি দোকানে ইরানি ও তার স্বামীকে একসঙ্গে চা পান করতে দেখেন স্থানীয়রা। এরপর কিছুক্ষণ পর থেকেই ইরানি নিখোঁজ হন। পরে সন্ধ্যার দিকে বাড়ির পাশের একটি খালে তার গলাকটা মরদেহ ভাসতে দেখে গ্রামবাসী পুলিশ খবর দেন। ঘটনাস্থল থেকে পুলিশ এক জোড়া জুতা ও একটি টুপি উদ্ধার করেছে, যা আফগানের বলে ধারণা করা হচ্ছে। ঘটনার পর থেকেই তিনি পলাতক ছিলেন। পরে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। নিহতের ভাই এনায়েত হোসেন অভিযোগ করে বলেন, এটি একটি পূর্বপরিকল্পিত হত্যাকাণ্ড। তিনি এ ঘটনার সঙ্গে জড়িতদের সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছেন। বরগুনা থানা পুলিশ জানায়, মরদেহ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট ও আলামত বিশ্লেষণের পর হত্যার প্রকৃত কারণ নিশ্চিত হবেই যাবে।

পিরোজপুরে অবৈধ ইটভাটায়

জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ আল আদিফ ও ফারদীন মনীর অর্ধ। এ সময় পিরোজপুর পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নিখিল চন্দ্র ঢালী, ফায়ার সার্ভিস ও পুলিশের একটি বিশেষ টিম উপস্থিত ছিলেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ আল আদিফ বলেন, পরিবেশ রক্ষায় অবৈধ ইটভাটায় বিরুদ্ধে জিরো টারগেট নীতি অনুরণন করা হচ্ছে। আইন অমান্য করে কেউ ইটভাটা পরিচালনা করলে তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পরিবেশের ভরসামা রক্ষা ও জনস্বার্থে এ ধরনের অভিযান আরও জোরদার করা হবে।

লুক চেঞ্জ লাইফস্টাইল সেলুনের সেরা

নেওয়া হয় একটি আইফোন। প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরিচালক তানভিজল জনি এবং কিংবদন্তি চিত্রাঙ্কনশীলারোজিলাহা অন্যান্য পরিচালকগণ কর্মীদের হাতে এই পুরস্কা তুলে দেন। অনুষ্ঠানে আয়োজকরা জানান, বর্তমানে দেশের ২১টি শাখায় কার্ক্রম পরিচালনা করছে লুক চেঞ্জ লাইফস্টাইল। ভবিষ্যতে দেশের সব বিভাগ ও জেলায় শাখা সম্প্রসারণের পাশাপাশি বিদেশেও কার্ক্রম বিস্তারের পরিকল্পনা রয়েছে। এতে করে দেশের বেকার তরুণদের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।আয়োজকরা আরও বলেন, লুক চেঞ্জ লাইফস্টাইল শুধু একটি সেলুন নয়, এটি একটি পরিবার, যেখানে কর্মীদের সাফল্য, সম্মান ও অনুপ্রেরণাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়।

পদত্যাগ করেছেন জাতীয়

বিলট অবিলম্বে কার্যকর হবে বলে বিলে উল্লেখ করা হয়। এ ক্ষেত্রে রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে গেজেট প্রকাশের সঙ্গে সঙ্গে এটি কার্যকর হবে। বিরোধী দলের আগুণি নাচড় করে ওই অধ্যাদেশে বাতিল এবং আওয়ামী লীগ সরকারের আমলে ২০০৯ সালে করা ‘জাতীয় মানবাধিকার কমিশন আইন’ আবার চালু করতে বিল পাস করে সংসদ।

জমি বিরোধকে কেন্দ্র

হাসান মৃধার অবস্থা গুরুতর হওয়ায় তাকে ঢাকায় পাঠানো হয়।এই ঘটনায় হালিমা খাতুন বানী হয়ে ১ মার্চ ২০২৬ তারিখে বরিশালসে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করেন। বর্তমানে মামলাটি ডিবি পুলিশের তদন্তধীন রয়েছে।তবে প্রকৃত ঘটনা আড়াল করতে অভিজ্ঞ পক্ষ পাণ্ডা মামলা দায়ের করেছে বলেও অভিযোগ করেছে ভুক্তভোগী পরিবার। মামলার অভিযোগ সূত্রে জানা যায়, হালিমা খাতুনের সঙ্গে একই এলাকার আলমগীর নলীর সাথে দীর্ঘদিন ধরে জমিজমা সংক্রান্ত বিরোধ চলি আসছিল। এরই ধারাবাহিকতায় ঘটনার দিন আলমগীর নলী, আল আমিন (২২), নারগিস বেগম (৪৫), আসমা বেগম (৪৯)সহ অজ্ঞাতনামা আরও ৪/৫ জন দেশীয় অস্ত্রসহে সজ্জিত হয়ে হালিমা খাতুনের বাড়তি গিয়ে অত্যা ভাষায় গালিগালাজ শুরু করে এবং বিরোধপূর্ণ জমি থেকে জোরপূর্বক মাটি কাটতে থাকে। এ সময় বাধা দিলে হামলাকারীরা হালিমা খাতুনকে এলোপাথাড়ি পিটিয়ে গুরুতর রক্তাক্ত জখম করে। হালিমা খাতুনের চিক্কারে শাহাজ ব়েগম ও হাসান মূর্ধা এগিয়ে এসে তাদেরকেও হামলাকারীরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাদের গুরুতর আহত করে। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সেখানে অবস্থার অবনতি হলে চিকিৎসকরা হাসান মূর্ধাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠান। ভুক্তভোগীরা জানান হামলার সময় ধারালো অস্ত্রের আঘাতে আহতদের মধ্যে একজনের মাথার হাড় পর্যন্ত কেটে যায়, যা আইনের দৃষ্টিতে গুরুতর জখম এবং সাধারণত দণ্ডবিধির ৩২৬ ধারার আওতায় পড়ার মতো অপরাধ। কিন্তু অভিযোগ রয়েছে, মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে আহতদের ৩২৩ ধারায় (সাধারণ আঘাত) মেডিকেল সার্টিফিকেট দেওয়া হচ্ছে। এতে করে ঘটনার প্রকৃত গুরুত্ব কমিয়ে দেখানোর চেষ্টা হয়েছে বলে দাবি করছে ভুক্তভোগী পরিবার। তাদের আশঙ্কা, গুরুতর জখম থাকা দেহেও যদি সাধারণ আঘাত হিসেবে মেডিকেল রিপোর্ট দেওয়া হয়, তাহলে এতে মামলার আইনি প্রক্রিয়া প্রভাবিত হতে পারে। ভুক্তভোগী পরিবারের দাবি, অভিজুতরা এলাকার প্রভাবশালী হওয়ায় তারা ঘটনটি ধামাচাপা দিতে বিভিন্ন তৎপরতা চালাচ্ছে। নিজেদের দায় এড়াতে বাদী পক্ষের নীরীহ সদস্যদের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রসোদিত একটি পাল্টা মামলা দায়ের করা হয়েছে বলেও অভিযোগ তাদের। ভুক্তভোগী পরিবারের এক সদস্য বলেন, একদিকে আমাদের স্বজন



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৫ম দিবস পালিত

পিরোজপুর প্রতিদিনি

বর্গিল উদ্‌যাপন করা হয়েছে। সোমবার (১৩ এপ্রিল) সকালে বেদুন ও পায়রা উড়িয়ে আনুষ্ঠানিকভাবে দিবসের উদ্বোধন করেন পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন। এসময় জাতীয় সংসদেৱ সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি প্রশানিক ভবন থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় ক্যাম্পাসে এসে শেষ হয়। শোভাযাত্রা শেষে কেক কাটার মধ্য দিয়ে উদযাপনের আনুষ্ঠানিকতা আরও প্রাণবন্ত হয়ে ওঠে। পরে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, পিরোজপুর প্রেসক্লাবের সভাপতি এস. এম. রেজাউল ইসলাম শামীমসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে, অন্যদিকে মিথ্যা মামলার ভয়ে আমরা আতঙ্ক দিন কাটাছি।

উচ্চ বেকারত্বের মধ্যেও সরকারি

ও পদ পূরণ একটি চলমান প্রক্রিয়া। কারণ প্রতিনিয়ত কর্মকর্তা-কর্মচারী অবসরে যাচ্ছেন। আবার নিয়োগও চলছে। একই সঙ্গে নতুন পদ সৃষ্টিও হচ্ছে। তাই নিয়োগ কার্যক্রম জোরদার করা হলেও সব সময়ই অনুমোদিত পদের একটি অংশ খালি থাকেই। সংশ্লিষ্টরা জানান, গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতন হয়। এরপর চরম বিশৃঙ্খল হয়ে পড়ে প্রশাসন। গুরুত্বপূর্ণ পদগুলোতে থাকা সব কর্মকর্তাকে সরিয়ে দেয় অন্তর্বর্তী সরকার। তাই নিয়োগ কার্যক্রমও অনেকটাই স্থিমিত হয়ে যায় তখন।

পরে গত বছর অন্তর্বর্তী সরকার তৃতীয় ও চতুর্থ শ্রেণির পদগুলোতে নিয়োগ ত্বরান্বিত করার উদ্যোগ নিলেও এ বিষয়ে অগ্রগতি হয়নি। তাই বড় সংখ্যক পদ এখনো খালি। ২০২৪ সালের তথ্য অনুযায়ী, সরকারি চাকরিতে ৪ লাখ ৬৮ হাজার পদ খালি ছিল। ২০২৫ সালে তা বেড়ে ৫ লাখ ছাড়িয়ে যেতে পারে। ২০২৫ সালের পরিসংখ্যান তৈরির কাজ চলমান। যে হারে নতুন পদ সৃষ্টি হয়েছে সেে অনুপাতে নিয়োগ হয়নি সরকারি প্রতিষ্ঠানগুলোতে। এ কারণে প্রতি বছরই সৃষ্টি পদের বিপরীতে পাল্টা দিয়ে শূন্যপদের সংখ্যা বেড়েছে বলে জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তারা। সরকারের কাছে এ বিষয়ে কোনো সঠিক পরিসংখ্যান নেই বলেই মনে করেন অর্থনীতিবিদরা। তবে গত বছরের মে মাসে খালি পদের সংখ্যান ব্যুরো (বিবিএসি) প্রকাশিত ত্রৈমাসিক প্রশ্নাঙ্ক জরিপের তথ্য অনুযায়ী, দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে বেকারত্বের হার ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে ঠেকেছে। গত অর্থবছরের অর্ধাবধি-ডিসেম্বর প্রান্তিকে দেশের বেকারত্বের হার বেড়ে ৪ দশমিক ৬৩ শতাংশে পৌছেছে। দেশের বেকার জনগোষ্ঠী বেড়ে দাঁড়িয়েছে ২৭ লাখ ৩০ হাজার। এর আগের বছরের একই সময়ে তা ছিল ২৪ লাখ। অর্থাৎ, এক বছরের ব্যবধানে দেশে বেকার বেড়েছে ৩ লাখ ৩০ হাজার। চাকরিপ্রত্যাশীরা জানান, সরকারি চাকরির নিয়োগ প্রক্রিয়া মূলত খুবই ধীরগতির। মামলা-মোকদ্দমাসহ বিভিন্ন ধরনের জটিলতার কারণে সব প্রতিষ্ঠান চাইলেই নিজেরদের মতো করে প্রয়োজনীয় জনবল নিয়োগ দিতে পারছেন না। এছাড়া গড় এক বছরের বেশি সময় কোনো কোনো ক্ষেত্রে নিয়োগ কার্যক্রম বলাতে গেলে বেশ দিল। সরকার যদি নিয়োগ প্রক্রিয়া সহজ ও গতিশীল করে তবে এত পদ খালি থাকে না। দ্রুত নিয়োগ নিশ্চিত করা গেলে সরকারের কাছে যেকোনো গতি থিরবে,

তেমনি দেশের বেকার সমস্যার ক্ষেত্রে তা অল্প পরিসরে হলেও ভূমিকা রাখবে। জয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করে গত ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করেছে বিএনপি। দলটির নির্বাচনি ইশতেহারে বলা হয়েছে, সরকারের বিভিন্ন দপ্তর-সংস্থায় পাঁচ লাখের বেশি সরকারি কর্মচারীর পদ শূন্য। বড় দ্রুত সঙ্কব স্বচ্ছ প্রক্রিয়ায় যোগ্যতার ভিত্তিতে খোদাী তরুণ-তরুণীকে শূন্যপদে নিয়োগ দেওয়া হবে। এ প্রতিশ্রুতি বাস্তবায়নে কর্মপরিকল্পনা চেয়ে গত ৭ মার্চ সব মন্ত্রণালয় ও বিভাগে চিঠি পাঠায় প্রধানমন্ত্রীর কার্যালয়। জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগ ও দপ্তর-সংস্থার শূন্যপদে নিয়োগের পরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয় পাঠায় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। এ বিষয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী বলেন, ‘শূন্য পদগুলো পূরণ করতে হবে। শূন্যপদ পূরণ সরকারের স্বাভাবিক কার্যক্রমের অংশ। পিএসসি থেকে শুরু করে সবাই নিয়োগের বিজ্ঞাপন দিচ্ছে। কর্মকর্তারা অবসরে যাবেন, আবার পদ পূরণ হবে, এভাবেই চলতে থাকবে।’ তিনি বলেন, ‘আজেকটি বিষয় হচ্ছে, মোট পদের ১০ শতাংশ লিড রিজার্ভ রাখতে হয়। এ বিষয়গুলো একটি সিস্টেমে চলে।’ সরকারি শূন্যপদের মধ্যে বড় অংশটিই হচ্ছে তৃতীয় (১৩ থেকে ১৬তম গ্রেড) ও তৃতীয় (১৭ থেকে ২০তম গ্রেড) শ্রেণির। প্রথম থেকে ১২তম

সমঝোতার এক ধাপ দূরে ছিল যুক্তরাষ্ট্র-ইরান: আরাগচি

কীর্তনখোলা ডেস্ক

ইসলামাবাদ শান্তি আলোচনা নিয়ে চাম্বল্যকর তথ্য দিয়েছে ইরান। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আবাকাস আরাগচি জানিয়েছেন, সমঝোতার এক ধাপ দূরে ছিল যুক্তরাষ্ট্র-ইরান। দুই দেশ ইসলামাবাদে একটি সম্ভাব্য 'সমঝোতা স্মারক (এমওইউ)' ত এর পাতায় দেখুন



জ্বালানি সংকটের মধ্যেই সাগরে মাছ ধরায় ৫৮ দিনের নিষেধাজ্ঞা, দুশ্চিন্তায় জেলেরা

কীর্তনখোলা রিপোর্ট

বঙ্গোপসাগরে মঙ্গলবার মধ্যরাত থেকে শুরু হচ্ছে ৫৮ দিনের মাছ ধরায় নিষেধাজ্ঞা। ১৫ এপ্রিল শুরু হওয়া এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে আগামী ১১ জুন পর্যন্ত। জ্বালানিসংকটের কারণে প্রায় দুই মাস সাগরে মাছ ধরা কমে গেছে। এতে লাখো জেলে-বাবসায়ী চরম হতাশার মধ্যে

আছেন। এমন অবস্থায় আগামীকাল মধ্যরাত থেকে সাগরে ৫৮ দিনের মাছ ধরায় নিষেধাজ্ঞা শুরুর খবরে কপালে চিন্তার ভাঁজ পড়েছে জেলেরদের। বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় এ নিষেধাজ্ঞা আগে শুরু হতো ২০ মে থেকে ২৩ জুলাই পর্যন্ত ৬৫ দিন। কিন্তু গত বছর অন্তর্বর্তী সরকার

নিষেধাজ্ঞার সময় ৭ দিন কমিয়ে ৫৮ নির্ধারণ করে। সেই সঙ্গে তা ভারতের সঙ্গে সামঞ্জস্য করা হয়। দেশের মৎস্যাবধেয়ক, জেলে ও মৎস্য ব্যবসায়ীরা দীর্ঘদিন ধরে ভারতের সঙ্গে সামঞ্জস্য রেখে মাছ ধরায় নিষেধাজ্ঞা পুনর্বিন্যাসের দাবি করে আসছিলেন। সেই সঙ্গে ৬৫ বছর অন্তর্বর্তী সরকার

নিয়ন্ত্রণ হারিয়ে টমটম খাদে চালক নিহত

পটুয়াখালী প্রতিনিধি
ওপটুয়াখালী-কুয়াকাটা সড়কে ইঞ্জিনচালিত টমটম চাপায় মো. রিয়াজ (৩৫) নামের এক টমটম চালক নিহত হয়েছেন। সোমবার, ১৩ এপ্রিল দুপুর ২টার দিকে পটুয়াখালী সদর উপজেলার পক্ষিয়া ভেড়ার বাড়ির মোড় এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় নির্মাণাধীন একটি বাড়ির বালু সিমেন্ট টমটম যোগে পরিবহন করা হচ্ছিল। এসময় ভেড়ার বাড়ির মোড় সংলগ্ন কান রাস্তা থেকে মহাসড়কে উত্তার সময় টমটমটি হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। চালক নিয়ন্ত্রণ হারিয়ে রেটা কবললেও গাড়িটি সড়কের অপর পাশের গভীর খাদে গিয়ে পড়ে যায় এবং চালক এর নীচে চাপা পড়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।

৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে অবৈধ ইটভাটায় অভিযান: ৩ লাখ টাকা জরিমানা

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলায় অবৈধ ইটভাটায় অভিযানে চালিয়ে দুই প্রতিষ্ঠানকে মোট তিন লাখ টাকা অর্থদণ্ড দিয়েছেন ডায়মাগ আদালত। একই সঙ্গে পরিবেশ সুরক্ষায় একটি ইটভাটার আত্ম নিষিদ্ধ দিয়েছে ফায়ার সার্ভিস। জেলা প্রশাসনের উদ্যোগে হলারহাট এলাকায় এ অভিযান পরিচালিত হয়। অভিযানে অবৈধভাবে জ্বালানি কাঠ ব্যবহার করে ইট গোড়ানোর দায়ে ‘রাহি ব্রিকস’কে দুই লাখ টাকা জরিমানা করা হয়। পাশাপাশি পরিবেশের ক্ষতি রোধে ফায়ার সার্ভিসের সহায়তায় ভাটার আত্ম সম্পূর্ণ নিষিদ্ধ দেওয়া হয়। এ ছাড়া ‘মেসার্স অভি ব্রিকস’কে প্রয়োজনীয় লাইসেন্স ও পরিবেশগত ছাড়পত্র ছাড়াই ইটভাটা স্থাপনের অপরাধে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইনে এক লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অভিযান পরিচালনা করেন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএসবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস, ফেলো ডট্টউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টা: এরাপো ডায়াগনস্টিক কমপ্লেক্স

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬

০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭৩৬-৩৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

কীর্তনখোলা

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ১৪ এপ্রিল ২০২৬ ৯ ০১ বৈশাখ ১৪৩৩

উচ্চ বেকারত্বের মধ্যেও সরকারি চাকরিতে প্রায় ৫ লাখ পদ শূন্য

কীর্তনখোলা ডেস্ক

সরকারি চাকরিতে সব সময়ই খালি থাকছে লাখ লাখ পদ। ২০১০ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে সর্বনিম্ন দুই

লাখ থেকে সর্বোচ্চ পাঁচ লাখ পর্যন্ত পদ খালি ছিল। দেশে উচ্চ বেকারত্বের মধ্যেও খালি থাকছে পদ। বিপুল সংখ্যক পদ খালি থাকায় সরকারি কাজে বিঘ্ন

ঘটছে, জনগণ পাচ্ছে না কাঙ্ক্ষিত সেবা। বর্তমান সরকারের দায়িত্বশীলরা জানান, সরকারি চাকরিতে পদ শূন্য হওয়া

নলছিটিতে মানসিক ভারসাম্যহীন যুবককে কুপিয়ে হত্যা

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে পূর্ব শত্রুতার জেরে ইকবাল হোসেন হাওলাদার (৪৫) নামে এক মানসিক ভারসাম্যহীন যুবককে কুপিয়ে হত্যা করেছেন। ঘটনা ঘটে। রোববার (১২ এপ্রিল) রাতে উপজেলার নাচনমহল ইউনিয়নের খাগড়াখানা এলাকায় এ



ঘটনা ঘটে। নিহত ইকবাল হোসেন ওই এলাকার মৃত আজহার আলী হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি দীর্ঘদিন ধরে মানসিক সমস্যায় ভুগছিলেন। ঘটনার সময় তিনি বাড়ির বাইরে অবস্থান করছিলেন। এ সময় পূর্ব ৩ এর পাতায় দেখুন

পারিবারিক কলহে গৃহবধু খুন, স্বামী গ্রেফতার

বরগুনা প্রতিনিধি

বরগুনা সদর উপজেলার গৌরিমুন্না ইউনিয়নের লাকুরতলা গ্রামে গৃহবধু ইরানি (২০) হত্যাকাণ্ডের ঘটনায় তার স্বামী মো. আফজাল হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ। বরগুনা থানা পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে। পুলিশ জানায়, পারিবারিক কলহ ও দাম্পত্য দ্বন্দ্বের জেরেই এই হত্যাকাণ্ড ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। গ্রেফতারের পর আফজালকে অধিকতর ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় হাফেজ বিষয়ে উত্তীর্ণ ১০ শিক্ষার্থীকে পাগড়ী প্রদান

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার পূর্ব-ভাণ্ডারিয়া মতী বাড়ী (আনোয়ার হোসেন মঞ্জুর বাড়ী) ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সূর্য এবং শান্তিপূর্ণ পরিবেশে ৮দিন ব্যাপি ১৯তম বার্ষিকী ঐতিহাসিক তামসীকল কুরআন মাহফিল আখেরি মোনাজাতের মধ্য দিয়ে রবিবার রাতে সমাপ্ত হয়েছে। বিশিষ্ট শিল্পপতি ৩ এর পাতায় দেখুন



স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক একা জোটের আন্দোলন বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে তিন দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে আবুল হোসেন খান এমপির হাতে ‘স্মারকলিপি প্রদান করা হয়

জমি বিরোধকে কেন্দ্র করে হামলা, আহত ৩

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জ উপজেলার জমিজমা সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে একটি অসহায় পরিবারের ওপর হামলার অভিযোগ পাওয়া গেছে। গত ২৪ ফেব্রুয়ারি আলীমাবাদ ইউনিয়নের গাওরিয়া এলাকায় এ ঘটনা ঘটে। প্রতিপক্ষের হামলায় আহত হন হালিমা বেগম (৪০), শাহনাজ বেগম (৩০) ও হাসান মূর্খা (৩০)। তাদের মধ্যে ৩ এর পাতায় দেখুন

ইসরায়েলে সামরিক অভিযানের হুমকি এরদোয়ানের

কীর্তনখোলা ডেস্ক

ফিলিস্তিন ও লেবাননে ইসরায়েলি হামলার তীব্র নিন্দা জানিয়ে ইহুদি রাষ্ট্রটির বিরুদ্ধে প্রয়োজনে সামরিক ব্যবস্থা নেওয়ার ইশিয়ারি দিয়েছেন তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। এর জবাবে ইসরায়েলের হেরিটেজ মন্ত্রী ৩ এর পাতায় দেখুন



সাইদুল হত্যার বিচার দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

সরকারি বরিশাল কলেজের ব্যবস্থাপনা বিভাগের স্নাতক চতুর্থ বর্ষের শিক্ষার্থী সাইদুল ইসলাম ওরফে সজীব হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের দ্রুত গ্রেপ্তার ও বিচার চেয়ে মানববন্ধন হয়েছে। সোমবার দুপুরে কলেজের প্রধান ফটকের সামনে এ মানববন্ধন করেন শিক্ষার্থীরা। মানববন্ধনে বক্তারা ফোভ প্রকাশ করে বলেন, আটজন আসামির মধ্যে এ পর্যন্ত মাত্র একজনকে গ্রেপ্তার করতে পেরেছে পুলিশ। তারা প্রশ্ন তোলেন, মূল খুনি মিলন খান কীভাবে ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে জেলা পরিষদের ১৭ একর জমি পরিদর্শন

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া তিমিরকাঠী মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন ১৭ একর জমি পরিদর্শন করেছেন জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট শাহাদাত হোসেন। সোমবার (১৩ এপ্রিল) দুপুরে দপদপিয়া জিরো পয়েন্ট এলাকায় বরিশাল-পটুয়াখালী মহাসড়কের পাশে এই পরিদর্শন কার্যক্রম পরিচালিত হয়। পরিদর্শন শেষে অ্যাডভোকেট শাহাদাত হোসেন ৩ এর পাতায় দেখুন



‘জনতার কল সেন্টার’ উদ্বোধন এমপির সেবা পৌঁছাবে তৃণমূলে

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলায় সাধারণ মানুষের কল্যাণে ‘জনতার কল সেন্টার’ নামে একটি সেবামূলক কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৩ এপ্রিল) দুপুর দেড়টার দিকে জামায়াতে ইসলামী বাউফল উপজেলা শাখা কার্যালয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে এ সেবার উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য ডা. শফিকুল ইসলাম মাসুদ। আয়োজকরা জানান, ০১৭১৩৪৯৯৬৬১ ও ০১৭১৩৪৯৯৬৬২ নম্বরে ২৪ মণ্ডা যোগাযোগ করে সাধারণ ৩ এর পাতায় দেখুন



ঘরের দরজা ভেঙে গৃহবধুকে সংঘবদ্ধ ধর্ষণ, মামলা করায় হামলা

মনপুরা প্রতিনিধি

জেলার মনপুরা উপজেলায় এক গৃহবধুকে সংঘবদ্ধ ধর্ষণ ও স্বর্ণালংকার লুটের অভিযোগে মামলা করার পরদিন ডুস্তজোপীর বারাক কুপিয়ে গুরুতর জখম করার অভিযোগ উঠেছে। এ ঘটনায় মিরাজ নামে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১৩ এপ্রিল) অভিযুক্ত মিরাজকে গ্রেপ্তার করা ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com